ওয়াটার ক্রেডিট (WCAD) কর্মসূচির সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষকবৃন্দের জন্য

ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) প্রশিক্ষণ মডিউল

সময়কাল: ১ দিন

ডিসেম্বর ২০২৫

বাস্তবায়নে:

সহযোগিতায়:

water.org®

ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

www.esdo.net.bd

মডিউল:
ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) প্রশিক্ষণ মডিউল

প্রকাশকাল:
ডিসেম্বর, ২০২৪

স্বত্ত্ব:
ওয়াটার.ওআরজি
ডি-১, ব্লক-বি, বাড়ি-৪৭, রোড-২৩, ঢাকা-১২১২
https://water.org

মডিউল প্রণয়ন:
সৈয়দ ফয়সল আহমদ
সিইও, ডট কনসালটিং
dotconsulting.bd@gmail.com

সম্পাদনা ও সার্বিক তত্ত্বাবধান:
খন্দকার শাওলি হাসান

প্রচ্ছদ ও অঙ্কন:
ডট কনসালটিং

মুদ্রণ:
শব্দকলি প্রিন্টার্স
৭০, ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেট, কাঁটাবন, ঢাকা-১০০০।

সূচিপত্র:

প্রাক-কথন	১
মডিউল পরিচিতি	২
মডিউলের প্রেক্ষিত	২
এক নজরে প্রশিক্ষণ মডিউল	২
প্রশিক্ষণসূচি	৪
প্রাক-প্রশিক্ষণ প্রস্তুতি বিষয়ক কিছু প্রয়োজনীয় তথ্য	৫
অধিবেশন পরিচালনার জন্য কিছু কৌশল	৫
প্রশিক্ষকের করণীয়	৫
প্রশিক্ষকের প্রয়োজনীয় দক্ষতা	৬
প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের যা মেনে চলতে হবে	৭
অধিবেশন-১: দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং ওয়াশ	৮
অধিবেশন-২ : স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি	১৭
অধিবেশন-৩ : দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি	২৫
অধিবেশন-৪ : ওয়াশ এন্টারপ্রাইজের সম্প্রসারণ ও ক্ষুদ্রঋণ	৩৪
অধিবেশন-৫ : ঋণ প্রদান ও মনিটরিং প্রক্রিয়া	
অধিবেশন-৬ : প্রশিক্ষণের সমাপনী	৪৩

প্রাক-কথন

বিশ্বজুড়ে প্রায় ৭৫০ মিলিয়ন মানুয়ের মধ্যে প্রতি নয়জনের মধ্যে একজন নিরাপদ পানির অভাব ভোগ করছেন এবং ২.৫ বিলিয়ন মানুষ টয়লেটের অভাবে আছেন। ওয়াটার.অর্গ এই সমস্যার পরিবর্তনে নিবেদিত। গ্যারি হোয়াইট এবং ম্যাট ড্যামন প্রতিষ্ঠিত ওয়াটার.অর্গ উদ্ভাবনী, বাজারভিত্তিক সমাধান প্রদান করার মাধ্যমে সবার জন্য নিরাপদ পানি এবং নিরাপদ স্যানিটেশনের সুযোগ নিশ্চিত করতে কাজ করছে। বাংলাদেশে ওয়াটার.অর্গ ১০ মিলিয়নের বেশি মানুষের জন্য নিরাপদ পানি এবং নিরাপদ স্যানিটেশনের সুযোগ তৈরি করে দিয়েছে।

জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত দেশের মধ্যে বাংলাদেশেকে অন্যতম দেশ হিসেবে চিহ্নিত করা হয়েছে। বাংলাদেশের ভৌগলিক অবস্থান, নিচু সমতল এলাকা, জনসংখ্যার ঘনত্ব, দারিদ্র্য, নিরক্ষরতা, প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার অভাব ইত্যাদির কারণে প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে অত্যন্ত ঝুঁকির মধ্যে রয়েছে। প্রতিবছর বাংলাদেশের বিভিন্ন দুযোর্গের কারণে অবকাঠামো ক্ষতিগ্রস্থ হচ্ছে যার মধ্যে অন্যতম হচ্ছে পানি ও স্যানিটেশন অবকাঠামো। জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়নের সামগ্রিক প্রভাবের ফলে সৃষ্ট নানা রকম বিরূপ প্রতিক্রিয়া এবং সেই সঙ্গে প্রাকৃতিক ও মানব সম্পর্কিত আপদ, দুর্যোগ, নাজুকতা, অভিযোজন, প্রশমন, খাপ খাওয়ানো, ঝুঁকি হ্রাস, সহনশীলতা এবং টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং নিরাপদ স্যানিটেশন ব্যবস্থাকে আরও টেকসই করতে বাংলাদেশের উপকূল, খরা, বন্যা, অতিবৃষ্টি ও নদীভাঙ্গন এলাকা উপযোগী উদ্ভাবনী প্রযুক্তি ও সেবায় মানুষের মানুয়ের অভিগম্যতা বাড়াতে হবে। এই উদ্ভাবনী প্রযুক্তি সম্পর্কে স্থানীয় নিরাপদ পানি ও স্যানিটেশন উদ্যক্তাদেরও প্রযুক্তিগত জ্ঞান, দক্ষতা ও স্বাস্থ্যবিধি চর্চাকে উন্নত করা এবং প্রযোজ্য ক্ষেত্রে ঋণ সহায়তা প্রদান করার লক্ষ্যে এই মডিউলটি প্রণয়ন করা হয়েছে।

সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা বিষয়ক টেকসই উন্নয়ন অভীষ্ট ৬ এবং এ সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহে ২০৩০ সালের মধ্যে, সকলের জন্য নিরাপদ ও সামর্থাধীন (স্বল্পমূল্যের) খাবার পানিতে সর্বজনীন ও সমতাভিত্তিক অভিগমন অর্জন (লক্ষ্যমাত্রা-৬.১) এবং সকলের জন্য পর্যাপ্ত ও সমতাভিত্তিক স্যানিটেশন ও স্বাস্থ্যবিধিসম্মত জীবনরীতিতে অভিগম্যতা নিশ্চিত করা এবং নারী ও কিশোরীসহ অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠীর চাহিদার প্রতি বিশেষ দৃষ্টি রেখে খোলা জায়গায় মলত্যাগের অবসান ঘটানো (লক্ষ্যমাত্রা-৬.২) বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে।

ক্ষুদ্রঋণের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে পথপ্রদর্শক এবং এই উদ্ভাবনী আর্থিক মডেলের জন্মস্থান হিসেবে পরিচিত। ১৯৭০ এর দশক থেকে, ক্ষুদ্রঋণ খাতে প্রাণবন্ত এবং টেকসই প্রবৃদ্ধির ফলে দারিদ্র্যের মধ্যে বসবাসকারীদের, বিশেষ করে নারীদের আর্থিক অন্তর্ভুক্তির উপর ব্যাপক প্রভাব পড়েছে। সরকারি সহায়তার পাশাপাশি বাংলাদেশে WASH খাতে ক্ষুদ্রঋণ নগর ও গ্রামীন দরিদ্র মানুষের পানি ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির ক্ষেত্রে ব্যাপক অবদান রাখতে পারে।

উপরের পরিস্থিতিগুলো বিবেচনা করে Water.org সহযোগী সংস্থার মাধ্যমে WASH খাতে পরিশোধযোগ্য ক্ষুদ্রঋণ প্রদানের মাধ্যমে বাংলাদেশে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নিরাপদ পানি ও স্যানিটেশন অভিগম্যতা বৃদ্ধির উদ্যেগ নিয়েছে। এই উদ্যোগের অংশ হিসাবে ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) প্রশিক্ষণ মডিউল তৈরি করা হয়েছে যার মাধ্যমে স্থানীয় উদ্যোক্তাদের দুর্যোগ ও জলবায়ু সহনশীল পণ্য তৈরি ও এলাকায় পণ্যের চাহিদা সৃষ্টির ক্ষেত্রে সক্ষমতা বাড়াতে সহায়তা করবে।

এই প্রশিক্ষণ কারিকুলামের মাধ্যমে ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, দুর্যোগ ও জলবায়ু সহনশীল ওয়াশ বিষয়ক পণ্য ও প্রযুক্তি, ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে তাদের উদ্যোগকে আরও সম্প্রসারণ এবং ঋণ প্রদাণ প্রক্রিয়া সম্পর্কে জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবে।

ওয়াশ-ঋণ প্রদানকারী উন্নয়ন সহযোগী সংস্থাগুলো তাদের নিজেদের প্রয়োজন অনুযায়ী এই মডিউলে এক দিনের একটি প্রশিক্ষণসূচি দেওয়া আছে যা অনুসরণ করে নিজ নিজ সংস্থার কর্ম এলাকার ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) দক্ষতা বৃদ্ধি করতে পারবেন।

এই প্রশিক্ষণের মাধ্যমে অংশগ্রগণকারীগণ জলবায়ু পরিবর্তন এবং বিভিন্ন দুর্যোগ সহিষ্ণু ওয়াশ (পানি ও স্যানিটেশন) প্রযুক্তির ডিজাইন, নির্মাণ খরচ ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে জানতে পারবেন। প্রশিক্ষণ কোর্সের শিখনকে আকর্ষণীয়, অংশগ্রহণমূলক ও বাস্তবভিত্তিক করার জন্য বিশেষভাবে লক্ষ্য রাখা হয়েছে।

এটি একটি পূর্নাঙ্গ মডিউল। এতে পাঠ পরিকল্পনা রয়েছে, প্রয়োজনীয় হ্যান্ডআউট রয়েছে এবং কীভাবে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে তা ধাপে ধাপে বলা হয়েছে। আশা করা হচ্ছে একজন সৃজনশীল প্রশিক্ষক এই মডিউলটি ভালভাবে পড়ে, বুঝে এ প্রশিক্ষণ সফলভাবে পরিচালনায় সক্ষম হবেন।

মডিউল পরিচিতি

মডিউলের প্রেক্ষিত:

জাতিসংঘের সাধারণ পরিষদ ২৮ জুলাই ২০১০ তারিখে ৬৪/২৯৭ রেজুলেশনে সুস্পষ্টভাবে পানি ও স্যানিটেশনের অধিকারকে মানবাধিকার হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে এবং মানবাধিকার অর্জনের অংশ হিসাবে খাবার পানি এবং স্যানিটেশন অপরিহার্য বলে স্বীকার করা হয়েছে। সরকারি উদ্যোগের পাশাপাশি সহজলভ্য এবং সাশ্রয়ী মূল্যে নিরাপদ খাবার পানি ও স্যানিটেশনে সকলের অভিগম্যতা বৃদ্ধিতে বেসরকারি উন্নয়ন সহযোগী সংস্থার সম্পৃক্ততার অংশ হিসাবে ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে ওয়াস পণ্যের ক্রয় ও স্থাপনে স্থানীয় মাইক্রো এন্টারপ্রাইজদের জলবায়ু ও দুর্যোগ সহিষ্ণু নিরাপদ পানি ও স্যনিটেশন প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান এবং ক্ষুদ্র ঋণের মাধ্যমে তাদের ব্যবসার সম্প্রসারণের জন্য এই কারিকুলামটি তৈরি করা হয়েছে।

এক নজরে প্রশিক্ষণ মডিউল:

- **প্রশিক্ষণের নাম:** ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) প্রশিক্ষণ মডিউল
- **প্রশিক্ষণের উদ্দেশ্য:**

  সামগ্রিক উদ্দেশ্য: জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন সেবা প্রদান ও প্রচারণার জন্য স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) -এর সক্ষমতা বৃদ্ধি করা।

  সুনির্দিষ্ট উদ্দেশ্য:

  ১. জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন পণ্য এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনে (কমিয়ে আনতে) তাদের ভূমিকা সম্পর্কে জানানো;

  ২. নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা, বিশেষ করে বৃষ্টির পানি সংগ্রহ ও সঞ্চয় করার প্রযুক্তি সম্পর্কে ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)-এর সক্ষমতা বৃদ্ধি;

  ৩. ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)-এর ক্ষুদ্র ঋণ বিতরণ, ব্যবহার এবং ঋণ পরিশোধের জন্য উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনা এবং আর্থিক সাক্ষরতা শক্তিশালী করা;

  ৪. নারীদের ওয়াশ উদ্যোক্তা হিসাবে অংশগ্রহণকে উৎসাহিত করা এবং বাধাগুলো মোকাবেলা করা; এবং

  ৫. জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন পণ্য পরিবেশনে ওয়ান-স্টপ ওয়াশ সলিউশন প্রদানকারী হিসাবে তাদের ব্যবসা সম্প্রসারণ করতে স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)-এর সক্ষমতা বৃদ্ধি করা।

- **প্রশিক্ষণের অংশগ্রহণকারী:** স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)
- **প্রশিক্ষণের মেয়াদকাল:** ১ কর্ম দিবস। সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ৮ঘন্টা প্রশিক্ষণ পরিকল্পনা করা হয়েছে যার মধ্যে ১ ঘন্টা দুপুরের খাবার বিরতি এবং ৩০ মিনিট করে দুইটি চা বিরতি রয়েছে।
- **প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা:** ২৫-৩০ জন
- **প্রশি ণে ব্যবহৃত ভাষা:** বাংলা
- **প্রশিক্ষণ কোর্সে প্রধান প্রধান আলোচ্যসূচি:**
  - দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং ওয়াশ
  - স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি
  - দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি

- ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)-এর ব্যবসা সম্প্রসারণ ও ক্ষুদ্রঋণ
- ঋণ প্রদান ও মনিটরিং প্রক্রিয়া

- **প্রশিক্ষণ পদ্ধতি:**
    - ঝড়োভাবনা
    - বাজ দল
    - উদ্দিপক খেলা
    - ভূমিকাভিনয়
    - দলীয় কাজ
    - দৃশ্যমান আলোচনা
    - ঘটনা বিশ্লেষণ
    - কার্ড গুচ্ছকরণ
    - শরীর রেখা
    - পিপিটি প্রদর্শন ও আলোচনা

- **প্রশিক্ষণ উপকরণ:**

প্রশিক্ষক প্রশিক্ষণে যে সকল উপকরণ ও এইড লাগতে পারে তার একটি তালিকা ও সংখ্যা দেওয়া হল, এর চাইতে বেশিও লাগতে পারে, যিনি প্রশিক্ষণটি পরিচালনা করবেন তিনি উপকরণ ও এইডসমূহের সংখ্যা নির্ধারণ করবেন।:

ক্রমিক	উপকরণের নাম		উপকরণের সংখ্যা
১	আর্ট লাইন মার্কার কলম	কালো	০৬ টি
২	হোয়াইট বোর্ড মার্কার কলাম	কালো	০২ টি
৩	পোষ্টার পেপার	হলুদ লাল	০৬ টি
৪	ফ্লিপ চার্ট পেপার (২৫ পাতা)		০১ টি
৫	ভিপ কার্ড	আয়তাকার ভিপ কার্ড (৮"X ৪") সাদা হলুদ গোলাপী আকাশী	 ২৫ টি ২৫ টি ২৫ টি ২৫ টি
৬	মাসকিং টেপ		১ টি
৭	খাতা বা প্যাড		৩০ টি
৮	কলম		৩০ টি
৯	ডাস্টার		১ টি
১০	বোর্ড পিন		১ বাক্স
১১	নেম কার্ড		৩০ টি
১২	কাঁচি		১ টি
১৩	প্রশিক্ষণ সূচি		৩৫ টি

প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় এইডের তালিকা:

ক্রমিক	প্রশিক্ষণ এইডের নাম	প্রশিক্ষণ এইডের সংখ্যা
১	ভিপ বোর্ড	১ টি
২	স্ক্রিনসহ মাল্টি মিডিয়া প্রজেক্টর ও এইচডিএমআই ক্যাবল	১ টি
৩	ল্যাপটপ কম্পিউটার	১ টি
৪	ফ্লিপচার্ট বোর্ড	১ টি
৫	হোয়াইট বোর্ড	১ টি
৬	উপকরণ সংর ণের জন্য একটি ট্রলি	১ টি
৭	ঝুড়ি/বাস্কেট	২ টি
৮	ব্যানার	১ টি
৯	ফাস্ট-এইড বক্স	১ টি

- **প্রশিক্ষণ কক্ষের ভৌত সুবিধা:**

  - প্রশিক্ষণ কক্ষটি হবে আলো-বাতাস পূর্ণ ও খোলামেলা;
  - প্রশিক্ষণ কক্ষটি মূল রাস্তার উপর/পাশে না হয়ে একটু ভিতরে হওয়া ভালো, এতে যানবাহনের শব্দ শিক্ষণের ব্যাঘাত ঘটাবে না;
  - প্রশিক্ষণ কক্ষের পরিসর এমন হওয়া উচিত, যাতে করে অংশগ্রহণকারীগণ U আকৃতিতে বসতে পারে;
  - ভিপ বোর্ড/হোয়াইট বোর্ড/ ব্ল্যাক বোর্ড /মাল্টিমিডিয়া রাখার জায়গা থাকতে হবে;
  - অংশগ্রহণকারীদের বসার পর পিছনে বা পাশে বারন্দায় দলীয় কাজের জন্য জায়গা থাকতে হবে;
  - প্রশিক্ষণ কক্ষটিতে খাবার পানি থাকতে হবে;
  - প্রশিক্ষণ ভেন্যুতে নারী ও পুরুষদের জন্য আলাদা আলাদা টয়লেট ও পানির ব্যবস্থা থাকতে হবে;
  - যে কোন দুর্যোগে (ভূমিকম্প, অগ্নুৎপাত) করণীয় সম্পর্কে নির্দেশনা থাকতে হবে;
  - সাবান, টিস্যু পেপার ও টয়লেট টিস্যু নিশ্চিত করতে হবে।

প্রশিক্ষণসূচি:

সময়	আলোচ্য বিষয়
০৯.০০-০৯.১৫	রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ উদ্বোধন
০৯.১৫-১০.১৫	অধিবেশন-১: দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং ওয়াশ
১০.১৫-১০.৪৫	চা বিরতি
১০.৪৫-১১.৪৫	অধিবেশন-২: স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি
১১.৪৫-০১.০০	অধিবেশন-৩: দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি
০১.০০-০২.০০	মধ্যান্য বিরতি
০২.০০-০৩.০০	অধিবেশন-৪: ওয়াশ এন্টারপ্রাইজের সম্প্রসারণ ও ক্ষুদ্রঋণ
০৩.০০-০৩.৪৫	অধিবেশন-৫: ঋণ প্রদান ও মনিটরিং প্রক্রিয়া
০৩.৪৫-০৪.১৫	চা বিরতি
০৪.১৫-০৫.০০	অধিবেশন-৬: সমাপ্তি অধিবেশন

প্রাক-প্রশি ণ প্রস্তুতি বিষয়ক কিছু প্রয়োজনীয় তথ্য:

- প্রতিটি প্রশিক্ষণের আগে একটি প্রস্তুতি সভার আয়োজন করা প্রয়োজন;
- প্রস্তুতি সভায় প্রশিক্ষণ টিমের সদস্যরা উপস্থিত থাকবেন এবং নিজেদের মধ্যে আলোচনা করে অধিবেশন ভাগ করে নিবেন এবং সেই অনুযায়ী প্রস্তুতি নিবেন;
- অধিবেশন অনুযায়ী উপকরণসমূহ প্রশিক্ষণের আগেই সংগ্রহ করে রাখবেন এবং সেশন পরিচালনার জন্য লিখিত ফ্লিপশিট/স্লাইড তৈরি করে রাখবেন;
- অংশগ্রহণকারীদের প্রশিক্ষণে যোগদানের দিন প্রথমেই রেজিস্ট্রেশন বা নিবন্ধন করতে হয়। এজন্য ছক বা ফর্ম তৈরি করে রাখবেন;
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে চা-নাস্তা ও দুপুরের খাবার সময়ানুযায়ী যাতে সরবরাহ করা হয় সেজন্য প্রশিক্ষণের আগে থেকেই ব্যবস্থা করে রাখবেন।

অধিবেশন পরিচালনার জন্য কিছু কৌশল:

- অংশগ্রহণকারীদের স্বাগত শুভেচ্ছা জানানো ও কুশল বিনিময় করা;
- প্রশি ণের উদ্দেশ্য এবং অংশগ্রহণকারীদের কাঙ্খিত ভূমিকা সর্ম্পকে ধারণা প্রদান করা;
- অংশগ্রহণকারীদেরকে জড়তা কাটিয়ে উঠতে সহায়তা করা;
- সহজ, সুন্দর, সাবলীলভাবে বিষয়বস্তু উপস্থাপন করা;
- ধৈর্য্যের সাথে অংশগ্রহণকারীদের মতামত নেয়া এবং উত্তর দেওয়া;
- আত্মবিশ্বাসের সাথে অধিবেশন পরিচালনা করা;
- প্রতিটি অধিবেশনের মধ্যে ধারাবাহিকতা বজায় রাখা;
- দলীয় কাজের সময় ঘুরে ঘুরে প্রতিটি দলকে সহায়তা দেওয়া;
- অধিবেশন শেষে ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্তে আসা এবং প্রশ্নের মাধ্যমে যাচাই করা;
- উপকরণ ব্যবহারসহ অধিবেশনের মাঝে মাঝে কিছু উদ্দিপক খেলা দেওয়া।

প্রশিক্ষকের জন্য করণীয়

অধিবেশন পরিচালনার পূর্বে:

- শুরুতে সংক্ষিপ্ত পরিসরে জড়তাভঙ্গের জন্য কোন আনন্দদায়ক কাজ করা;
- তথ্যাবলি, লিফলেট ও প্রাসঙ্গিক সহায়ক তথ্য পড়া;
- অধিবেশন পরিচালনায় সহায়কের করণীয় অংশের নির্দেশনা অনুক্রম/ধাপ জেনে নেওয়া;
- ব্যবহার্য উপকরণের তালিকা অনুযায়ী উপকরণ/তথ্যাদি তৈরি ও সংগ্রহ করা;
- অধিবেশন পরিচালনার ধাপ অনুযায়ী পর্যায়ক্রমে উপকরণসমূহ সাজিয়ে রাখা;
- অধিবেশন কক্ষ পরিচ্ছন্ন ও বিন্যস্ত করা;
- ফ্লিপচার্ট, বোর্ড, প্রজেক্টরসহ অন্যান্য উপকরণ যথাস্থানে স্থাপন করা;
- সদস্যের সংখ্যা অনুযায়ী আসন বিন্যাস করা।

অধিবেশন চলাকালীন:

- অংশগ্রহণকারীদের ধারণা/অভিজ্ঞতাকে ব্যবহার করা;
- অংশগ্রহণকারীদের বলতে উৎসাহিত করা;

- অংশগ্রহণকারীদের কথা মনোযোগ দিয়ে শোনা;
- ধাপ অনুযায়ী অধিবেশন পরিচালনা করা;
- সকলের সাথে দৃষ্টি সংযোগ করে কথা বলা;
- সময়ের সদ্ব্যবহার করা;
- অংশগ্রহণকারীদের প্রতি সমান গুরুত্ব প্রদান করা;
- নির্ধারিত সময়ের মধ্যে অধিবেশনের কাজ শেষ করা;
- অধিবেশনে উদ্দীপকের ব্যবস্থা করা;
- প্রশিক্ষণকক্ষের নিয়মাবলি প্রতিপালনের ব্যবস্থা করা;
- প্রশিক্ষণের সার্বিক উদ্দেশ্য ব্যাখ্যা করা;
- প্রত্যেক অধিবেশনের উদ্দেশ্য ও কার্যাবলির বিস্তারিত বিবরণ জানা;
- প্রসঙ্গে থেকে অধিবেশনের মূল বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা;
- প্রশিক্ষণার্থীদের কাজগুলোকে প্রদর্শনের ব্যবস্থা করা;
- দলগত কাজের সময় পরিবীক্ষণ করা এবং মনে করা যে প্রশিক্ষক নিজেই দলের একজন সদস্য;
- সকলের অংশগ্রহণ নিশ্চিত করা;
- দল বিভাজনের জন্য আকর্ষণীয় কৌশল ব্যবহার করা;
- দল গঠনের ক্ষেত্রে সমতার প্রতি গুরুত্ব দেওয়া;
- হাসিখুশি থাকা ও কথা বলার সময় যথাযথ শারীরিক ভাষা প্রয়োগ করা;
- শ্রবণযোগ্য স্বরে কথা বলা।

অধিবেশণ পরিচালনার পর:

- উপকরণসমূহ পরবর্তিতে অধিবেশন পরিচালনার জন্য গুছিয়ে রাখা;
- অধিবেশন সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন করে কর্তৃপক্ষকে অবহিত করা;
- পরিচালিত অধিবেশন সম্পর্কে স্ব-অনুচিন্তন (Self-reflection) করা

প্রশিক্ষকের দক্ষতা

একটি কার্যকরী সেশন পরিচালনা করার জন্য একজন সহায়কের বিশেষ গুণ ও দক্ষতা থাকা প্রয়োজন। একজন সহায়ক অংশগ্রহণকারীদেরকে অভিজ্ঞতামূলক শিক্ষণের মাধ্যমে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে কাঙ্খিত আচরণ পরিবর্তনে বিষয়গুলোর গুরুত্ব অনুধাবন করাতে সঠিক তথ্য প্রদান ও উদ্বুদ্ধ করে থাকেন যাতে করে পরিবর্তিত আচরণ স্থায়ী হয় এবং এতে সবার অংশগ্রহণ থাকে। সেশন পরিচালানার পূর্বে নিচের দক্ষতাগুলো চর্চা করে আয়ত্ত করতে হবে।

সম্ভাষণ দক্ষতা	• সামাজিক প্রথা অনুযায়ী অভিবাদন ও সম্মান দেয়া • কুশল বিনিময় করা • বয়স ও যোগ্যতা অনুযায়ী সম্বোধন করা
প্রশ্ন করার দক্ষতা	• বিষয় ও উদ্দেশ্যের সাথে মিল রেখে প্রশ্ন করা • যে বিষয় সম্পর্কে আলোচনা করা হবে সে বিষয়ে সংক্ষিপ্ত এবং সুনির্দিষ্ট প্রশ্ন করা • বিষয়টি অংশগ্রহণকারীরা বুঝতে পেরেছে কিনা তা প্রশ্ন করে যাচাই করা • খোলা প্রশ্ন করা। 'হ্যাঁ' বা 'না' উত্তর আসতে পারে, এমন প্রশ্ন না করা

বুঝিয়ে বলার দক্ষতা	• সহজ সরল ভাষায় কথা বলা যাতে অংশগ্রহণকারীরা বুঝতে পারে • অংশগ্রহণকারীদের প্রয়োজন ও চাহিদা অনুযায়ী তথ্যের সহজ ব্যাখ্যা করা • অংশগ্রহণকারীদের অভিজ্ঞতার সাথে তথ্যের মিল রেখে বুঝিয়ে বলা • প্রয়োজনীয় যুক্তি ও উদাহরণ দেয়া ও ধারাবাহিকতা রক্ষা করা • অংশগ্রহণকারীরা অস্বস্তিতে না ভোগে এমন প্রশ্ন করা
যোগাযোগ উপকরণ ব্যবহারের দক্ষতা	• প্রয়োজনীয় উপকরণ সম্পর্কে আগে থেকে ধারণা নেয়া • সঠিক সময়ে উপকরণটি প্রদর্শন করা • সবাই দেখতে ও বুঝতে পেরেছে কিনা তা প্রশ্ন করে যাচাই করা
শোনা ও সাড়া দেয়ার দক্ষতা	• ধৈর্য্য ও মনোযোগের সাথে অংশগ্রহণকারীর কথা শোনা • বাচনিক ও অবাচনিক সাড়া দেয়া • মাঝে মাঝে প্রাসঙ্গিক প্রশ্ন করে অংশগ্রহণকারীকে বলতে উৎসাহিত করা
পর্যবেক্ষণের দক্ষতা	• অংশগ্রহণকারীর বলা বা না-বলা কথা থেকে বিভিন্ন সূত্র খুঁজে বের করা যা তাদের প্রয়োজন ও চাহিদা বুঝতে সহায়ক হয় • অংশগ্রহণকারীর অবস্থা ও অবস্থান পর্যবেক্ষণ করা
উত্তর দেয়ার দক্ষতা	• যথাযথ ও প্রসঙ্গিক উত্তর দেয়া • উত্তর দেয়ার ক্ষেত্রে প্রয়োজনে অন্য অংশগ্রহণকারীদের সম্পৃক্ত করা • অন্যের মতামতের গুরুত্ব দেয়া
সারসংক্ষেপ করার দক্ষতা	• পুরো অধিবেশনের মূল বার্তাগুলো ধারাবাহিকভাবে পুনরালোচনা করা • আলোচনা থেকে গৃহীত সিদ্ধান্তসমূহ এবং করণীয়গুলো আবার মনে করিয়ে দেয়া • আলোচনা কতটুকু বুঝতে পেরেছে তা যাচাই করা

প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের যা মেনে চলতে হবে:

- অধিবেশন চলাকালে প্রত্যেকেই মনোযোগী থাকবো;
- সময় মেনে চলবো এবং পূর্ণ অংশগ্রহণ করবো;
- প্রত্যেককেই রিসোর্স বা সম্পদ মনে করবো;
- প্রত্যেকেই প্রত্যেককে সাহায্য করবো;
- অন্যের কথা শুনবো এবং খোলা মন নিয়ে কথা বলবো;
- প্রত্যেকের দৃষ্টিভঙ্গিকে সম্মান করবো এবং ভিন্নতাগুলো মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করবো।

অধিবেশন-১

দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং ওয়াশ

অধিবেশন-১

[redacted]

সময় : ৬০ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ–

- পরস্পরের সাথে পরিচিত হতে পারবেন এবং একসাথে কাজ করার শর্ত ব্যাখ্যা করতে পারবেন;
- আবহাওয়া, জলবায়ু, জলবায়ু পরিবর্তন ও গ্রিনহাউজ প্রভাব কী তা বলতে পারবেন; এবং
- জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশের বিরূপ প্রভাব বিশেষ করে পানি ও স্যানিটেশন ব্যবস্থার উপর বিরূপ প্রভাব ব্যাখ্য করতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	পরিচিতি ও একসাথে কাজ করার শর্ত	২০ মিনিট	উদ্দিপক খেলা ও আলোচনা	টেনিস বল, ফ্লিপশিট, মার্কার, ফ্লিপশিট স্ট্যান্ড ও পাওয়ার পয়েন্ট স্লাইড
২.	আবহাওয়া, জলবায়ু, গ্রিনহাউজ প্রভাব	১৫ মিনিট	উদ্দিপক খেলা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার, দুইটি চায়ের প্লেট, বরফের কিউব, স্বচ্ছ গ্লাস ও পাওয়ার পয়েন্ট স্লাইড

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. পরিচিতি ও একসাথে কাজ করার শর্ত

- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের স্বাগত জানান। বলুন: শুরুতেই আমরা একে অন্যের সাথে পরিচিত হব। পরিচয় পর্বটি একটু ভিন্ন রকমের অর্থাৎ আমরা একটি খেলার মধ্য দিয়ে পরিচিত হতে চাই।
- অংশগ্রহণকারীদের গোল হয়ে দাঁড়াতে বলুন। একটি টেনিস বল একজন অংশগ্রহণকারীর হাতে দিয়ে তার নাম ও নামের আদ্যাক্ষর দিয়ে একটি তার একটি ইতিবাচক গুণের কথা বলতে বলুন। যেমন: কোন অংশগ্রহণকারীর নাম যদি হয় মামুন তাহলে সে বলবে; আমার নাম মামুন, আমি মানবতাবাদী। তারপর বলটি অন্য অংশগ্রহণকারীর দিকে ছুঁড়ে দিতে বলুন। এই প্রক্রিয়ায় সবার নাম বলা হয়ে গেলে সবাইকে ধন্যবাদ দিন।
- প্রশিক্ষকের জন্য তথ্য অংশ থেকে প্রশিক্ষণের উদ্দেশ্য ও প্রশিক্ষণসূচি ব্যাখ্যা করুন। প্রশিক্ষণ থেকে অংশগ্রহণকারীর প্রত্যাশা জানুন ও ফ্লিপশিটে লিখুন। এরপর একসাথে কাজ করার নিয়মগুলো প্রদর্শন করে ব্যাখ্যা করুন।

২. আবহাওয়া, জলবায়ু পরিবর্তন, গ্রিনহাউজ প্রভাব

আবহাওয়া ও জলবায়ু

অংশগ্রহণকরীদের আবহাওয়া ও জলবায়ু সম্পর্কে ধারণা জানুন। জিজ্ঞেস করুন:

- আজকের দিনটি কেমন?
- গতকাল কেমন ছিল?
- গত এক সপ্তাহে কখন বৃষ্টি হয়েছে?
- দিনে ও রাতের তামমাত্রার মধ্যে পার্থক্য দেখতে পায়?

- বলুন, কোনো স্থানের স্বল্প সময়ের অর্থাৎ ১ থেকে ৭ দিনের বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড় অবস্থা হচ্ছে আবহাওয়া। এবং কোনো স্থানের ৩০ বছরের বেশি সময়ের আবহাওয়া অর্থাৎ বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড় হচ্ছে জলবায়ু। স্লাইড -৩ দেখিয়ে আবহাওয়া ও জলবায়ু আলোচনা করুন।

জলবায়ু পরিবর্তন

বলুন, আমরা এখন আলোচনা করবো জলবায়ু পরিবর্তন কী। স্লাইড-৪ দেখিয়ে বলুন, জলবায়ু পরিবর্তন হচ্ছে মানুষের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্মকাণ্ডের প্রভাবের কারণে বিশ্বব্যাপী বায়ুমণ্ডলের গঠনের পরিতর্বন। (UNFCCC- জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জাতিসংঘের ফ্রেমওয়ার্ক কনভেনশন)।

বলুন, পৃথিবীর চারদিকে ঘিরে রয়েছে বায়ুর আবরণ যা আমরা দেখতে পাই না কিন্তু অনুভব করতে পারি। এই বায়ুর আবরণ আর কিছুই না, কয়েকটি গ্যাসের মিশ্রণ মাত্র। যেমন নাইট্রোজেন ও অক্সিজেন। এছাড়া রয়েছে আর্গন, কার্বন ডাই অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড, হাইড্রোজেনসহ অন্যান্য গ্যাস। প্রাকৃতিকভাবেই এই গ্যাসগুলো একটি আদর্শ অনুপাতে বায়ুমন্ডলে অবস্থান করছে যা পৃথিবীতে আমাদের বেঁচে থাকার পরিবেশ তৈরি করছে। এই গ্যাসগুলোর অনুপাত আদর্শ অনুপাত এর কম বা বেশি হলে আমাদের আবহাওয়া ও জলবায়ুর উপর বিরূপ প্রভাব পড়ে।

আবার, বিদ্যুৎ উৎপাদন, যানবাহন চলাচল ও শিল্প-কারখানায় উৎপাদনের জন্য যথেচ্ছভাবে কয়লা, প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত জ্বালানি পোড়ানোর ফলে বায়ুমণ্ডলে তাপশোষী কিছু গ্রিনহাউজ গ্যাস ও কার্বন কণার নির্গমন ক্রমাগত বেড়ে চলেছে। এদিকে কৃষিকাজ, নগরায়নসহ নানা উদ্দেশ্যে বন কেটে উজাড় করা হচ্ছে। ফলে কার্বন ডাই অক্সাইড শোষণ করার মতো বনাঞ্চলের সংখ্যা আশঙ্কাজনকহারে কমে আসছে।

উদ্ভিদ, বায়ুমণ্ডল থেকে কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে সালোকসংশেষণ প্রক্রিয়ায় খাদ্য উৎপাদন করে থাকে। এভাবে উদ্ভিদ বায়ুমণ্ডল থেকে কার্বনের পরিমাণ কমাতে সাহায্য করে। কিন্তু নির্বিচারে বৃক্ষনিধন, বনাঞ্চল ধ্বংসের কারণে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বেড়ে যাচ্ছে। বর্জ্য, গরুর গোবর ইত্যাদি থেকে বায়োগ্যাস প্রতিনিয়ত নির্গত হচ্ছে। শিল্প কারখানা থেকে প্রতিমুহূর্তে নাইট্রাস অক্সাইড গ্যাস বায়ুমন্ডলের যুক্ত হচ্ছে। জনসংখ্যা বৃদ্ধির কারণে বায়ুমন্ডলে প্রচুর পরিমাণ কার্বন ডাই অক্সাইডের পরিমান বৃদ্ধি পাচ্ছে।

বলুন, বিশ্বের বিভিন্ন প্রকাশিত প্রতিবেদনে বলা হচ্ছে যে, আগামী শতাব্দীর মধ্যে বিশ্বের তাপমাত্রা দুই থেকে চার ডিগ্রি সেলসিয়াস বাড়লে আবহাওয়ার যতগুলো নেতিবাচক দিক রয়েয়ে তার সবগুলোর প্রভাব বাংলাদেশের ওপর পড়বে। বন্যা, খরা, ঝড়, জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগগুলো সবচেয়ে বেশি আঘাত হানবে যেসব দেশে, তার মধ্যে বাংলাদেশ অন্যতম।

গ্রিনহাউজ প্রভাব

- গ্রিনহাউজ প্রভাব আলোচনা করার জন্য বরফের খেলাটি খেলুন:

- টেবিলে দুইটি চায়ের প্লেট পাশাপাশি রাখুন। চিত্রের মতো টেবিলে দুটি প্লেটে ৪-৫টি বরফের কিউব রাখুন।

- একটি প্লেটের বরফের কিউবগুলো একটি স্বচ্ছ গ্লাস দিয়ে উপুর করে ঢেকে দিন। অংশগ্রহণকারীদের জিজ্ঞেস করুন -আমরা

যদি দুটো প্লেটকেই বাইরে রোদের নিচে রেখে দেই, তাহলে কোন প্লেটের বরফ আগে গলবে? কেন?

- তাদের উত্তর শুনে এবার গ্রিনহাউজ প্রভাব আলোচনা করুন। বলুন, গ্রিন হাউজ হচ্ছে কাঁচের তৈরি ঘর যেখানে কাঁচের ভেতর দিয়ে সূর্য রশ্মি ঢোকার পর তাপ রশ্মি এর দীর্ঘ তরঙ্গ কাচের দেয়াল ভেদ করে বাইরে যেতে পারে না ফলে কাচের ঘরের ভেতরে তাপমাত্রা ক্রমান্বয়ে বাড়তে থাকে। শীতপ্রধান দেশে গাছপালা শাকসবজি ও তরিতরকারি উৎপাদন করতে এই পদ্ধতি ব্যবহার করা হয়।
- বলুন, সমগ্র পৃথিবীটাকে একটা কাজ ঘরের সাথে তুলনা করা যায় প্রতিদিন সূর্য রশ্মি বায়ুমণ্ডল ভেদ করে পৃথিবীতে আসে, পৃথিবীতে আসার পর সূর্য রশ্মি ভূপৃষ্ঠে তাপে পরিণত হয়। মানুষ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড, মিথেন নাইট্রাস অক্সাইড এরকম কিছু গ্যাসের স্তর ঘন হচ্ছে ফলে খালবিল, নদী, সমুদ্রের পানি সুর্যের তাপ রাতে গ্যাসের স্তর ভেদ করে পুরোপুরি মহাশূন্যে ফেরত যেতে পারে না। একেই বলে গ্রিন হাউজ প্রভাব।
- বলুন, পৃথিবীর বায়ুমন্ডলও গ্রিন হাউজের মতো কাজ করে। বায়ুমন্ডলের জলীয় বাস্প ও কার্বন ডাইঅক্সাইডসহ অন্যান্য গ্যাস গ্রিন হাউজের কাঁচের দেয়ালের মতো কাজ করে। গ্যাসগুলোর পরিমান বেড়ে গেলে সূর্যের তাপ বায়ুমন্ডলের ঐ গ্যাসগুলোর কারণে আটকা পড়ে। তাপ ধরে রাখার এই ঘটনাকে গ্রিন হাউজ প্রভাব বলে। তাপ ধরে রাখার জন্য দায়ী এসকল গ্যাসই হলো গ্রিন হাউজ গ্যাস। তাপ যখন আটকা পরে, তখন পৃথিবীর তাপমাত্রা বেড়ে যায়, বরফ গলতে থাকে আর তখনই সমুদ্রের পানির পরিমান বেড়ে যায়, যাকে আমরা সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বলি।

৩. জলবায়ু পরিবর্তনের ফলাফল ও বিরূপ প্রভাব

- স্লাইড দেখিয়ে জলবায়ু পরিবর্তনের ফলাফল আলোচনা করুন।
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, তাদের এলাকায় (বন্যা প্রবণ অঞ্চল, উপকূলীয় অঞ্চল, খরা প্রবণ অঞ্চল, বন্যা প্রবণ অঞ্চল, পাহাড়ি অঞ্চল) জলবায়ুর প্রভাবে কী কী বিরূপ প্রভাব পরেছে? তাদের উত্তরগুলো ফ্লিপশিটে লিখুন এবং স্লাইড দেখিয়ে জলবায়ুর বিরূপ প্রভাব (অভিঘাত, ঝুকি ও বিপন্নতাসমূহ) আলোচনা করুন।

৪. সারসংক্ষেপ ও ফিডব্যাক

- অধিবেশনে আলোচ্য সবগুলো বিষয় আবার সংক্ষেপে আলোচনা করুন। কয়েকজন অংশগ্রহণকারীকে আজকের সেশন সম্পর্কে তাদের মতামত তুলে ধরতে বলুন। জিজ্ঞেস করুন:

– আজকের সেশনের কোন বিষয়গুলো ভালো লেগেছে? কেন?

– আমাদের জীবনে এই জ্ঞান/দক্ষতা কীভাবে কাজে লাগাতে পারি?

- সবাকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-১

দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং ওয়াশ

প্রশিক্ষণের উদ্দেশ্য:	স্লাইড-১

সামগ্রিক উদ্দেশ্য:

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন সেবা প্রদান ও প্রচারণার জন্য স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) -এর সক্ষমতা বৃদ্ধি করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

১. জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন পণ্য এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনে (কমিয়ে আনতে) তাদের ভূমিকা সম্পর্কে জানানো;

২. নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা, বিশেষ করে বৃষ্টির পানি সংগ্রহ ও সঞ্চয় করার প্রযুক্তি সম্পর্কে ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) -এর সক্ষমতা বৃদ্ধি;

৩. ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME) -এর ক্ষুদ্র ঋণ বিতরণ, ব্যবহার এবং ঋণ পরিশোধের জন্য উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনা এবং আর্থিক সাক্ষরতা শক্তিশালী করা;

৪. নারীদের ওয়াশ উদ্যোক্তা হিসাবে অংশগ্রহণকে উৎসাহিত করা এবং বাধাগুলো মোকাবেলা করা;

৫. জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশন পণ্য পরিবেশনে ওয়ান-স্টপ ওয়াশ সলিউশন প্রদানকারী হিসাবে তাদের ব্যবসা সম্প্রসারণ করতে ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজ (WME)-এর সক্ষমতা বৃদ্ধি করা।

প্রশিক্ষণের নিয়মাবলী:	স্লাইড-২

১. অধিবেশন চলাকালে প্রত্যেকেই মনোযোগী থাকবো;

২. সময় মেনে চলবো এবং পূর্ণ অংশগ্রহণ করবো;

৩. প্রত্যেককেই রিসোর্স বা সম্পদ মনে করবো;

৪. প্রত্যেকেই প্রত্যেককে সাহায্য করবো;

৫. অন্যের কথা শুনবো এবং খোলা মন নিয়ে কথা বলবো;

৬. প্রত্যেকের দৃষ্টিভঙ্গিকে সম্মান করবো এবং ভিন্নতাগুলো মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করবো।

জলবায়ু পরিবর্তন:	স্লাইড-৩

আবহাওয়া

আবহাওয়া হচ্ছে কোনো স্থানের স্বল্প সময়ের অর্থাৎ ১ থেকে ৭ দিনের বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড় অবস্থা।

জলবায়ু

কোনো স্থানের ৩০ বছরের বেশি সময়ের আবহাওয়া অর্থাৎ বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড়।

প্রাকৃতিক প্রভাবের কারণে জলবায়ু সর্বদা পরিবর্তিত হয়। তবে, এখন শক্তিশালী প্রমাণ রয়েছে যে বৈশ্বিক তাপমাত্রার সাম্প্রতিক বৃদ্ধির মূল কারণ হচ্ছে জীবাশ্ম জ্বালানী পোড়ানো এবং তা বৃষ্টিপাতের ধরণ এবং চরম আবহাওয়ার ঘটনাগুলিকেও প্রভাবিত করে চলেছে।

জলবায়ু পরিবর্তন:	স্লাইড-৪

জলবায়ু পরিবর্তন

জলবায়ু পরিবর্তন হচ্ছে মানুষের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্মকাণ্ডের প্রভাবের কারণে বিশ্বব্যাপী বায়ুমণ্ডলের গঠনের পরিতর্বন। (UNFCCC- জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জাতিসংঘের ফ্রেমওয়ার্ক কনভেনশন) Source: IPCC (2001a).

গ্রিন হাউজ প্রভাব:	স্লাইড-৫

পৃথিবীর বায়ুমন্ডলও গ্রিন হাউজের মতো কাজ করে। বায়ুমন্ডলের জলীয় বাস্প ও কার্বন ডাই অক্সাইডসহ অন্যান্য গ্যাস গ্রিন হাউজের কাচের দেয়ালের মতো কাজ করে। গ্যাসগুলোর পরিমান বেড়ে গেলে সূর্যের তাপ বায়ুমন্ডলের ঐ গ্যাসগুলোর কারণে আটকা পড়ে। তাপ ধরে রাখার এই ঘটনাকে গ্রিন হাউজ প্রভাব বলে। তাপ ধরে রাখার জন্য দায়ী এসকল গ্যাসই হলো গ্রিন হাউজ গ্যাস।



জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী গ্যাস:	স্লাইড-৬

জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী ৯টি গ্রিনহাউস গ্যাস হলো ঃ

১। কার্বন ডাই অক্সাইড (CO2)

২। জলীয় বাষ্প (H2O)

৩। মিথেন (CH4)

৪। নাইট্রাস অক্সাইড (N2O)

৫। ওজোন (O3)

৬। ক্লোরোফ্লুরো কার্বন (CFC)

৭। হাইড্রোফ্লুরো কার্বন (HFCs)

৮। পারফ্লুরোকার্বন (PFCs)

৯। সালফার ডাই অক্সাইড (SO2)

জলবায়ু পরিবর্তনের কারণ:	স্লাইড-৭

মানুষের তৈরি কারণ:

- জীবাশ্ম জ্বালানীর ব্যবহার বৃদ্ধি
- গ্রিনহাউজ গ্যাস ও কার্বন কণার নির্গমন ক্রমাগত বৃদ্ধি ও বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি (কার্বন মনো অক্সাইড কার্বন ডাই অক্সাইড, সালফার ডাই অক্সাইড, নাইট্রোজেন ডাই অক্সাইড ইত্যাদি)
- বনাঞ্চল ও জীববৈচিত্র ধ্বংস
- জলাভূমির অবক্ষয়
- অপরিকল্পিত নগরায়ন
- ভূমি ব্যবহারে পরিবর্তন
- কৃষি ক্ষেত্রে অতিমাত্রায় সার ও কিটনাশক ব্যবহার
- অতিরিক্ত প্রাকৃত্রিক সম্পদ আরোহন
- নগরায়ন এবং কলকারখানা স্থাপন
- ক্লোরোফ্লুরোকার্বনের (সিএফসি) কারণে ওজনস্তরে ক্ষয়।

জলবায়ু পরিবর্তনের কারণ:	স্লাইড-৮

প্রকৃতিক কারণ:

- সৌর শক্তির তারতম্য
- পৃথিবীর কক্ষপথের পরিবর্তন
- আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত

জলবায়ু পরিবর্তনের ফলাফল:	স্লাইড-৯

বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ফলাফল:

- গড় তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে
- অতিবৃষ্টি বা অনাবৃষ্টি হচ্ছে
- বঙ্গোপসাগরে বা উপকূলীয় অঞ্চলে ঘূর্ণিঝড়ের সংখ্যা বেড়ে গেছে
- ঘূর্ণিঝড়ের সংখ্যা বেড়ে যাচ্ছে
- বারবার ভয়াবহ বন্যা হচ্ছে
- মাটির লবণাক্ততা বেড়ে কৃষিজমির ক্ষতি করছে
- গাছপালা ও প্রাণী ধ্বংস হয়ে যাচ্ছে
- ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাচ্ছে
- গ্রীষ্মকালে সমুদ্রের লোনা পানি নদীতে প্রবেশ করছে
- বাংলাদেশের জলবায়ু প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। যার ফলে বাংলাদেশ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হচ্ছে। যেমন: জলোচ্ছ্বাস, টর্নেডো, নদীভাঙন, খরা, শৈত্যপ্রবাহ, কালবৈশাখী ইত্যাদি।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব	স্লাইড-১০

জলবায়ু পরিবর্তনের ফলে বিরূপ প্রভাব (অভিঘাত, ঝুঁকি ও বিপন্নতাসমূহ):

জলবায়ু উপাদানের পরিবর্তন	অভিঘাত, ঝুঁকি ও বিপন্নতা
তাপমাত্রা বৃদ্ধি	• ঋতু পরিবর্তন, ফসলের ধরণ পরিবর্তন এবং ফসলের পরিবর্তন • পানি সম্পদের অবক্ষয়, স্বাস্থ্য হানি এবং কর্মক্ষমতা হ্রাস • প্রতিবেশ ও জীববৈচিত্র্যের বিনাশ
বৃষ্টিপাতের বৃদ্ধি	• টিউবয়েল ও ল্যাট্রিন পানির নিচে তলিয়ে যায় • স্যানিটেশন অবকাঠামো ধ্বংস হয় • হঠাৎ বন্যা, জলাবদ্ধতা এবং শস্য হানি হয় • জলজ প্রাণী ও মৎস্য চাষের ক্ষতি হয়
বৃষ্টিপাতের হ্রাস	• শস্য উৎপাদন কমে যায় • পুকুর শুকিয়ে যায়, মাছ উৎপাদন কমে যায় • পানির স্তর নিচে নেমে যায়
সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, উচ্চ জোয়ার এবং জলাবদ্ধতা	• নিম্নাঞ্চল লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় উচ্চ জোয়ার এবং জলাবদ্ধতা সৃষ্টি হয় • কৃষি জমি নষ্ট হয় এবং ফসল উৎপাদন কমে যায় • জীববৈচিত্র্যের ক্ষতি হয় • সুপেয় পানির অভাব ঘটে যা জনস্বাস্থ্য ও কৃষি উৎপাদনে নেতিবাচক প্রভাব পরে • ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে বিরূপ প্রভাব পরে • জলবায়ু শরণার্থীর সংখ্যা বাড়ে
লবনাক্ততা প্রবেশ (Salinity intrusion)	• ফসল উৎপাদন কমে যায় • ভূমির অবক্ষয় হয়, সুপেয় পানির মৎস্য চাষ ব্যহত হয় • ডায়রিয়া, উচ্চরক্ত চাপ, একলামশিয়া ইত্যাদি বৃদ্ধি পায় • মাতৃস্বাস্থ্যের অবনতি হয়। যেমন: অকাল গর্ভপাত, খিঁচুনি, উচ্চ রক্তচাপ, জরায়ুর ক্যান্সার ইত্যাদি
চরম দুর্যোগ (বন্যা, নদী ভঙ্গন, ঘূর্ণিঝড়, খরা)	• পানি দূষিত হয়, সুপেয় পানির অভাব ঘটে, স্বাস্থ্য ঝুঁকি বাড়ায় • বিদ্যমান পানির উৎসগুলো দূষণ হয় • পানিবাহিত রোগ যেমন: কলেরা, টাইফয়েড, হেপাটাইটিস-এ, লেপ্টোস্পাইরোসিস, ডেঙ্গু এবং ম্যালেরিয়ার প্রকোপ ঘটে • মৃতের হার বাড়ে, প্রাকৃতিক সম্পদ নষ্ট হয়, জীবন-জীবিকা ধ্বংস হয় • ভূগর্ভস্থ পানির স্তর নেমে যায়, বিশেষ করে শুষ্ক মৌসুমে টিউবয়েলে পানি থাকে না • নিরাপদ স্যানিটেশন নিশ্চিত করা সম্ভব হয় না

অধিবেশন-২

স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি

অধিবেশন-২

স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি

সময়: ৬০ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ–

- স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এবং নিরাপদ পানির বৈশিষ্ট্য বলতে পারবেন;
- নিরাপদ স্যানিটেশনের প্রয়োজনীয়তা সম্পর্কে বলতে পারবেন;
- বর্জ্য জল ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষার উপায় সম্পর্কে বলতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এবং নিরাপদ পানির বৈশিষ্ট্য	২০ মিনিট	দলীয় কাজ ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার কলম, ফ্লিপশিট স্ট্যান্ড ও পাওয়ার পয়েন্ট স্লাইড
২.	নিরাপদ স্যানিটেশনের প্রয়োজনীয়তা	২০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	পাওয়ার পয়েন্ট স্লাইড
৩.	বর্জ্য জল ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষার উপায়	১০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার ও পাওয়ার পয়েন্ট স্লাইড
৪.	সারসংক্ষেপ ও ফিডব্যাক	৫ মিনিট	আলোচনা	------------

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এবং নিরাপদ পানির বৈশিষ্ট্য

- অধিবেশনে অংশগ্রহণকারীদের স্বাগত জানান ও অধিবেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। বলুন: শুরুতেই আমরা স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন এবং নিরাপদ পানির বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করব।
- অংশগ্রহণকারীদের চারটি দলে ভাগ করুন। দলগুলোর মধ্যে নিচের কাজগুলো ভাগ করে দিন ও তাদের মতামত পয়েন্ট আকারে ফ্লিপশিটে লিখে দলের মধ্য থেকে একজনকে উপস্থাপন করতে বলুন।

  দলীয় কাজ- ১ম ও ৩য় দল: পানি নিরাপদ রাখার জন্য কী কী পদক্ষেপ নিতে হবে?

  দলীয় কাজ- ২য় ও ৪র্থ দল: নিরাপদ স্যানিটেশন কি?
- দলীয় পরিবেশনার পর স্লাইড দেখিয়ে নিরাপদ পানির বৈশিষ্ট আলোচনা করুন।

২. নিরাপদ স্যানিটেশনের উপাদান ও প্রয়োজনীয়তা

- আলোচনার মাধ্যমে নিরাপদ স্যানিটেশন এর উপাদান এবং নিরাপদ স্যানিটেশনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন।

৩. বর্জ্য জল ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষার উপায়

- নিচের প্রশ্নগুলোর মাধ্যমে আলোচনা শুরু করুন:
  - রান্নাঘরের ব্যবহৃত পানি কোথায় যায়? এতে করে পরিবেশের কী কী বিপর্যয় হয়ে থাকে?
  - বাথরুমের ব্যবহৃত পানি কোথায় যায়? এতে করে পরিবেশের কী কী বিপর্যয় হয়ে থাকে?
  - টিউবয়েলের ব্যবহৃত পানি কোথায় যায়? এতে করে পরিবেশের কী কী বিপর্যয় হয়ে থাকে?
  - ল্যাট্রিন থেকে টিউবয়েলের দূরত্ব কত হতে হবে? কেন?
- তাদের উত্তরগুলো ফ্লিপশিটে লিখুন এবং তাদের ধারণার সাথে মিল রেখে স্লাইড দেখিয়ে বর্জ্য জল ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষার উপায়সমূহ আলোচনা করুন।

৪. সারসংক্ষেপ ও ফিডব্যাক

- অধিবেশনে আলোচ্য সবগুলো বিষয় আবার সংক্ষেপে আলোচনা করুন। কয়েকজন অংশগ্রহণকারীকে আজকের সেশন সম্পর্কে তাদের মতামত তুলে ধরতে বলুন। জিজ্ঞেস করুন:
  - আজকের সেশনের কোন বিষয়গুলো ভালো লেগেছে? কেন?
  - আপনারা কীভাবে গ্রহীতাকে স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি সম্পর্কে ধারণা দিতে পারেন?
  - আমাদের জীবনে এই জ্ঞান/দক্ষতা কীভাবে কাজে লাগাতে পারি?
- সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-২

স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি

স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনঃ	স্লাইড-১

স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন হচ্ছে এমন এক ধরণের অবকাঠামো যাঃ

- মলকে আবদ্ধ রাখে এবং বাইরে থেকে দেখা যায় না বা মল পরিবেশে ছড়ায় না
- সঠিক ওয়াটারসিল আছে এবং দুর্গন্ধ ছড়ায় না
- ল্যাট্রিনে বসার স্থান এবং গর্তের মধ্যে যোগাযোগ বন্ধ থাকে যাতে মাছি বা পোকা-মাকড় যাতায়াত করতে না পারে
- ল্যাট্রিনের গর্তে সৃষ্ট দুর্গন্ধযুক্ত গ্যাস যথাযথভাবে স্থাপিত একটি পাইপের মাধ্যমে বের হয়ে যায়
- পিট/সেপটিক ট্যাংক থাকে যাতে মলমুত্র সরাসরি মাটিকে দূষিত করতে পারে না
- সব সময় পরিস্কার পরিচ্ছন্ন থাকে
- পর্যাপ্ত পানির ব্যবস্থা থাকে
- আলোর ব্যবস্থা থাকে
- হাত ধোয়ার ব্যবস্থা থাকে

পানি নিরাপদ রাখার পদক্ষেপঃ	স্লাইড-২

- পানির উৎস নিরাপদ রাখাঃ

  গোড়া পাকা করা আছে এরকম আর্সেনিক মুক্ত টিউবওয়েলের পানি, ডিপ টিউবওয়েলের/গভীর নলকূপের পানি, পরিষ্কার পাত্রে বৃষ্টির পানি সংরক্ষণ করা

- সংগ্রহের সময় পানি নিরাপদ রাখাঃ

  পানি সংগ্রহের পূর্বে যথাযথ ভাবে হাত পরিষ্কার করা, পরিষ্কার ঢাকনাযুক্ত কলসি, বালতি, প্লাসটিকের পাত্র/কন্টেইনার ইত্যাদির মাধ্যমে পানি সংগ্রহ করা

- পানি পরিবহনের সময় নিরাপদ রাখাঃ

  ঢাকনাসহ পরিষ্কার পাত্রে/জারে/কলসিতে পানি পরিবহন করা

- **সংরক্ষণের সময় পানি নিরাপদ রাখা:**
  পরিষ্কার ও উঁচু জায়গায় পানি ঢেকে রাখা এবং ঢাকনাসহ পরিষ্কার পাত্রে/জারে/কলসিতে পানি এসে ঘরে পরিষ্কার কন্টেইনারে সংরক্ষণ করা
- **ব্যবহার করার সময় পানি নিরাপদ রাখা:**
  পরিষ্কার ঢাকনাযুক্ত কাঁসা/ সিরামিক/ কাঁচের গ্লাস ও জগ ব্যবহার করা, গ্লাসের মাঝামাঝিতে হাত রাখা, ফুটানো পানি বা ফিল্টারের পানি পান করা

স্যানিটেশনের উপাদানসমূহ (Elements of sanitation)	স্লাইড-৩

স্যানিটেশনের সংজ্ঞাটিকে বিশ্লেষণ করলে নিন্মোক্ত উপাদনসমূহ পাওয়া যায়ঃ

- স্বাস্থ্যসম্মত পায়খানা
- নিরাপদ পানি
- স্বাস্থ্যাভ্যাস পালন
- কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনা

নিরাপদ স্যানিটেশনের প্রয়োজনীয়তা	স্লাইড-৪

- ডায়রিয়া, আমাশয়, কৃমি ও অন্যান্য রোগজীবাণু ছড়াতে পারে না
- দূর্গন্ধমুক্ত স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত হবে
- মলের সংস্পর্শে এসে মাছি, কীট-পতঙ্গ বা অন্য প্রাণী খাদ্য দূষিত করতে পারবে না
- রোগমুক্ত পরিবেশে ক্ষতির আশংক্ষা অপেক্ষাকৃত কম থাকবে
- পিট থেকে দুর্গন্ধযুক্ত গন্ধ থাকতে পারে এবং এগুলি মাছি এবং মশার বংশবৃদ্ধির জন্য অনুকূল জায়গা হতে পারে
- সঠিক সময়ে মল পরিষ্কার করা না হলে তা থেকে পরিবেশ মারাত্মকভাবে দূষিত হতে পারে
- বন্যার সময় এগুলি উপচে পড়ে পানির সাথে মিশে যাওয়ার আশঙ্কা থাকে

জলের দূষণ রক্ষা করতে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন যেমন হওয়া উচিৎ:	স্লাইড-৫

- মল দেখা যাবে না
- দুর্গন্ধ ছড়াবে না
- মশা-মাছি রিং-এর ভেতর ঢুকতে বা বের হতে পারবে না
- সাইফনের বাটিতে সবসময় পরিষ্কার পানি থাকবে
- পানি দুষিত করবে না
- কার্যকর ওয়াটারসিল থাকবে
- ল্যাট্রিনের মলযুক্ত দুষিত পানি বের হয়ে নদী-নালা, খাল-বিল ও মাটির নিচের পানির স্তরে মিশতে পারবে না।

কার্যকর ওয়াটার সিল ও অকার্যকর ওয়াটার সিলের মধ্যে পার্থক্য:	স্লাইড-৬

অকার্যকর ওয়াটারসিল	কার্যকর ওয়াটারসিল
	

ওয়াটার সিল হচ্ছে এমন একটি ডিজাইন বা ব্যবস্থা যেখানে কমোড বা প্যানে নির্দিষ্ট পরিমান পানি আটকে থাকে এবং এটি বায়ুরোধী সিল হিসাবে কাজ করে। পানি আটকে থাকায় পাইপের মাধ্যমে রিং বা সেপটিক ট্যাংক থেকে গ্যাস, দূর্গন্ধ বা রোগ-জীবানু আসতে বাধা দেয়।

কার্যকর ওয়াটার সিলের বৈশিষ্ট:

- পানি সবসময় নির্দিষ্ট উচ্চতায় আবদ্ধ থাকে ফলে গ্যাস বা দূর্গন্ধ বের হতে দেয় না
- টয়লেট বা ড্রেনের মাধ্যমে পয়ঃনিষ্কাশন পাইপ থেকে ব্যাকটেরিয়া বা পোকামাকড় প্রবেশ করতে পারে না
- এটি স্বাস্থ্যসম্মত এবং পরিবেশবান্ধব

নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারের প্রত্যাশিত আচরণঃ	স্লাইড-৭

- পরিবারের সবাই স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহার করা
- ল্যাট্রিনে যাওয়ার সময় নির্দিষ্ট স্যান্ডেল পরে যাওয়া
- ল্যাট্রিন ব্যবহার করার পূর্বে প্যান পানি দিয়ে ভিজিয়ে নেয়া
- ল্যাট্রিনের ভেতর হাতের নাগালের মধ্যে সাবান রাখা
- ল্যাট্রিনের ভেতর পর্যাপ্ত পানি রাখা
- ল্যাট্রিন ব্যবহারের পর পর্যাপ্ত পরিমানে পানি ঢালা
- ল্যাট্রিন ব্যবহারের পর সাবান দিয়ে দুই হাত ভালভাবে ধোয়া
- শিশুর মল ল্যাট্রিনের প্যানে ফেলে পর্যাপ্ত পরিমানে পানি ঢেলে পরিস্কার করা
- ল্যাট্রিনে কোন অবস্থায় ঢিলা/কুলুপ ব্যবহার না করা। প্রয়োজনে এসবের জন্য ল্যাট্রিনের এক পাশে একটি পাত্র রাখা যেতে পারে
- ল্যাট্রিনের প্যানে কাপড়, মোটা কাগজ, পলিথিন না ফেলা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানিঃ	স্লাইড-৮

নিরাপদ পানির উৎসগুলো নিম্নরূপঃ

- বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা
- RO ফিল্টার
- মিনি-তারা নলকূপ (পুরাতন নলকূপকে মিনি-তারায় রূপান্তর, নতুন মিনি-তারা নলকূপ স্থাপন)
- সাবমার্সিবল পাম্প
- গভীর নলকূপ (ডিপ টিউবয়েল)
- অগভীর নলকূপ (শ্যালো টিউবয়েল)

লবনাক্ত এলাকায় যদি টিউবয়েলের পানিতে লবনের পরিমান মাত্রাতিরিক্ত থাকে তাহলে RO ফিল্টারের মাধ্যমে পানি শোধন করে খাওয়া ও রান্নার কাজে ব্যবহার করতে হবে।

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা:	স্লাইড-৯

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা:

১. বন্যার পানিতে ডুবে না এমন উঁচু জায়গায় স্থাপিত বৃষ্টির পানি ধরে রাখার ব্যবস্থা এবং সৌর আলোর ব্যবস্থাসহ টুইন-পিট ল্যাট্রিন টিনের চালা, টিনের বেড়া এবং টিনের দরজা থাকবে।

২. বৃষ্টির পানি সংগ্রহের ব্যবস্থা এবং সৌর আলোর ব্যবস্থাসহ টুইন-পিট ল্যাট্রিন যেখানে ইট এবং সিসি প্ল্যাটফর্মের হবে, পিভিসি পাইপসহ আরসিসি পিলার হবে, সিরামিক প্যান থাকবে, একটি ডবল ট্যাপসহ পিভিসি/সিমেন্টের তৈরি ড্রাম থাকবে এবং উঁচু জায়গায় স্থাপিত হবে। এই ল্যাট্রিনেও টিনের চালা, টিনের বেড়া এবং টিনের দরজা থাকবে।

৩. স্ট্যান্ডার্ড ল্যাট্রিন যা ইট ও সিমেন্টের তৈরি দেয়াল থাকবে, পিভিসি দরজা থাকবে, সিরামিক প্যান/হাই কমোড থাকবে, সোকওয়েলসহ সেপটিক ট্যাংক থাকবে যা রান্নাঘরের ও বাথরুমের ব্যবহৃত পানির সংযোগ থাকবে, হাত ধোয়ার জন্য বেসিন থাকবে, গোসলখানা থাকবে, ওভার হেড পানির ট্যাংক থাকবে এবং সৌর আলোর ব্যবস্থা থাকবে

৪. সমন্বিত ওয়াশ ব্যবস্থা যেখানে রান্নাঘর এবং বাথরুমের বর্জ্য জলের সাথে সংযুক্ত সোকওয়েলসহ সেপটিক ট্যাংক, প্যান/হাই কমোডসহ টয়লেট, ঝরণাসহ গোসলখানা, ওভার হেড পানির ট্যাংক, আরও ফিল্টার, পানি তোলার মটর/সাবমার্সিবল পাম্প, সৌর আলোর ব্যবস্থা, রান্না ঘরে সিঙ্ক, হাত ধোয়ার বেসিন, ভেন্টিলেটরসহ ইটের দেয়াল ও ছাদ, টাইলসের মেঝে, ল্যাট্রিনে ধরে বসার জন্য হ্যান্ডেল, টিসু রাখার বক্স, সাবান ধারক ও ব্যবহারের জন্য স্যান্ডেল থাকবে।

টয়লেট, রান্নাঘর, এবং টিউওয়েলের বর্জ্য ব্যবস্থাপনা:	স্লাইড-১০

বাড়িতে টয়লেট, রান্নাঘর, এবং টিউওয়েলের বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ সুরক্ষার জন্য কিছু কার্যকর উপায় নিম্নরূপ:

টয়লেটের বর্জ্য ব্যবস্থাপনা: সঠিকভাবে তৈরি সোকওয়েলসহ সেপটিক ট্যাংক বা পিট ল্যাট্রিন ব্যবহার করুন, যা মাটি ও পানির দূষণ প্রতিরোধ করবে। সেপটিক ট্যাংক থেকে নিয়মিতভাবে স্লাজ সরিয়ে নিন এবং সেটি সঠিক জায়গায় নিষ্পত্তি করুন।

রান্নাঘরের বর্জ্য ব্যবস্থাপনা: পচনশীল ও অপচনশীল বর্জ্য আলাদা করুন। পচনশীল বর্জ্য কম্পোস্টিং করে জৈব সার তৈরি করুন। রান্নার ব্যবহৃত তেল ও চর্বি সরাসরি ড্রেনে ফেলবেন না। রান্নাঘরের বর্জ্য জল পরিশোধন করার জন্য একটি ক্ষুদ্র জল পরিশোধন ইউনিট ব্যবহার করা যেতে পারে বা সোকওয়েলের সাথে ফিল্টারযুক্ত পাইপের মাধ্যমে যুক্ত করা যেতে পারে।

টিউওয়েলের বর্জ্য ব্যবস্থাপনা: টিউবয়েলের ব্যবহৃত পনি যাতে পাইপের গোড়া দিয়ে ভূগর্ভে যেতে না পারে সেজন্য টিউবয়েলের গোড়া পাকা করে রাখতে হবে। টিউবয়েলের পাশে একটি ঢাকনাযুক্ত গর্ত করে সেখানে ব্যবহৃত পানি ড্রেন বা পাইপের মাধ্যমে ফেলতে হবে যাতে পানি ফিল্টারিং হয়ে নিচে যায়।

অধিবেশন-৩

দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু

পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি

অধিবেশন-৩

দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি

সময়: ৭৫ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ–

- বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির উৎস সম্পর্কে বলতে পারবেন; এবং
- নিরাপদ সেনিটেশন ব্যবস্থা সম্পর্কে বলতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির উৎস	৩০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার কলম, ফ্লিপশিট স্ট্যান্ড ও পাওয়ার পয়েন্ট স্লাইড
২.	বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু সেনিটেশন ব্যবস্থা	৪০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও ভূমিকাভিনয়	পাওয়ার পয়েন্ট স্লাইড
৩.	সারসংক্ষেপ ও ফিডব্যাক	০৫ মিনিট	আলোচনা	---------

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির উৎস

- অধিবেশনে অংশগ্রহণকারীদের স্বাগত জানান ও অধিবেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। বলুন: শুরুতেই আমরা বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির উৎস নিয়ে আলোচনা করব এবং পরে বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু সেনিটেশন ব্যবস্থা নিয়ে আলোচনা করব।
- স্লাইড দেখিয়ে বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস এবং জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির উৎস ও এগুলোর সুবিধাসমূহ ও স্থাপন খরচ নিয়ে আলোচনা করুন। পানির উৎসগুলো কেন জলবায়ু সহিষ্ণু তা আলোচনা করুন। যেমন:

ডিপ টিউবওয়েল বা গভীর নলকূপ: *ভূগর্ভস্থ পানির গভীর স্তর (১০০ মিটার বা তার বেশি) থেকে পানি উত্তোলন করে। ফলে এটি পৃষ্ঠস্থ পানির উৎসগুলোর মতো জলবায়ুগত পরিবর্তনের কারণে খরার সময় সহজে দূষিত বা শুকিয়ে যায় না। উপকূলীয় এলাকায় ভূগর্ভস্থ মিষ্টি পানির স্তর থেকে পানি উত্তোলন করে, যা লবণাক্ততা সমস্যার সমাধানে সহায়তা করে। বন্যার সময়ও এটি নিরাপদ পানির সরবরাহ নিশ্চিত করতে পারে। পানি মাটির নিচের স্তর দিয়ে পরিশোধিত হয়ে আসার ফলে ব্যাকটেরিয়া, ভাইরাস ও অন্যান্য দূষণকারী উপাদান থাকবার সম্ভাবনা কম থাকে। নবায়নযোগ্য জ্বালানী অর্থাৎ সৌরচালিত পাম্পের মাধ্যমে ডিপ টিউবয়েল চালানো যায় যা জ্বালানি খরচ কমায়।*

সাবমার্সিবল পাম্প: *এটি গভীর নলকূপের মতোই ভূ-পৃষ্ঠের পরিবর্তন বা জলবায়ু পরিবর্তনজনিত প্রতিকূলতায় (খরা বা লবণাক্ততা) স্থিতিশীল পানির সরবরাহ নিশ্চিত করে। সাবমার্সিবল পাম্প পানির নিচে স্থাপিত হয় এবং এটি পানিতে নিমজ্জিত অবস্থায় কাজ করতে পারে। ফলে বন্যার সময়ও এটি ব্যবহারযোগ্য থাকে। সাবমার্সিবল পাম্প সৌরশক্তির মাধ্যমে চালানো*

যায়, যা নবায়নযোগ্য শক্তির উৎস ব্যবহার নিশ্চিত করে।

পানির ফিল্টার: *পানির ফিল্টার পুকুর, নদী, নলকূপ, ও অন্যান্য উৎসের পানি ব্যাকটেরিয়া, ভাইরাস, আরসেনিক, আয়রন, ও অন্যান্য ক্ষতিকর উপাদানগুলো সরিয়ে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করে। পানির ফিল্টার ব্যবহারের ফলে বোতলজাত পানির ওপর নির্ভরশীলতা কমে, যা প্লাস্টিক দূষণ কমাতে সাহায্য করে। আরও ফিল্টার উচ্চ ক্ষমতাসম্পন্ন রিভার্স অসমোসিস (RO) প্রযুক্তি ব্যবহার করে লবণাক্ত পানি পরিশোধন করে, যা উপকূলীয় এলাকার জন্য বিশেষভাবে উপযোগী। আরও ফিল্টার উন্নত পরিস্রাবণ প্রযুক্তি ব্যবহার করে দূষণকারী উপাদানগুলো অপসারণ করে, যা দীর্ঘমেয়াদে স্বাস্থ্য সুরক্ষায় সহায়তা করে।*

বৃষ্টির পানি সংরক্ষণ: *বৃষ্টির পানি সংরক্ষণ একটি কার্যকর, টেকসই ও পরিবেশবান্ধব জলবায়ু সহিষ্ণু পানির উৎস। এটি খরা, লবণাক্ততা, ভূগর্ভস্থ পানির সংকট এবং বন্যার মতো জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বৃষ্টির পানি প্রাকৃতিকভাবে লবণ ও আর্সেনিক মুক্ত, তাই এটি সুপেয় পানির চাহিদা মেটাতে পারে। প্রয়োজনে বৃষ্টির পানি ফিল্টার করে পান করা যেতে পারে।*

মিনি তারা নলকূপ: *মিনি তারা নলকূপ ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়ার মতো সমস্যা মোকাবিলায় একটি কার্যকর পানির উৎস। মিনি তারা নলকূপ সাধারণত ৫০-১০০ ফুট গভীরে বসানো হয়, যা খরাপ্রবণ এলাকায় ভূগর্ভস্থ পানির স্তরের পরিবর্তনের পরেও নিরাপদ পানির সরবরাহ নিশ্চিত করতে পারে। এটি হ্যান্ড-পাম্প বা ম্যানুয়াল পদ্ধতিতে কাজ করে, ফলে বিদ্যুৎ বা জ্বালানির প্রয়োজন হয় না। ফলে প্রাকৃতিক দুর্যোগ বা জলবায়ু পরিবর্তনের কারণে বিদ্যুৎ সমস্যা থাকলেও এটি কার্যকরভাবে ব্যবহার করা যায়।*

ডবল প্ল্যাটফর্ম টিউবওয়েল: *বন্যার সময় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত কওে কারণ এতে দুই স্তরের প্ল্যাটফর্ম থাকে। শুকনা মৌসুমে নিচু প্ল্যাটফর্ম এবং বন্যার সময় যখন নিচু প্ল্যাটফর্ম ডুবে যায়, তখন উঁচু প্ল্যাটফর্ম থেকে পানি উত্তোলন করা যায়। এটি হ্যান্ড-পাম্প বা ম্যানুয়াল পদ্ধতিতে কাজ করে, ফলে বিদ্যুৎ বা জ্বালানির প্রয়োজন হয় না।*

অংশগ্রহণকারীদের কোন প্রশ্ন থাকলে যথাযথ উত্তর দিন।

২. বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু সেনিটেশন ব্যবস্থা

- বলুন, আমরা আগের সেশনে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব সম্পর্কে জেনেছি। এবার বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু সেনিটেশন ব্যবস্থা নিয়ে আলোচনা করব। জানতে চান যে কী কী ব্যবস্থা নিলে জনগণের জন্য নিরাপদ স্যানিটেশন নিশ্চিত করা যাবে? তাদের উত্তরগুলোর সাথে মিল রেখে স্লাইড ও জলবায়ু সহিষ্ণু সেনিটেশন ক্যাটালগ দেখিয়ে বিভিন্ন ধরণের ব্যবস্থা সম্পর্কে আলোচনা করুন। প্রত্যেকটি বিকল্পের সুবিধাগুলোও আলোচনার মাধ্যমে তুলে ধরুন।
- এবার অংশগ্রহণকারীদের মধ্যে একজনকে বেনিফিশিয়ারি এবং একজনকে এন্টারপ্রাইজের মালিকের/উদ্যোক্তার রোল-প্লে করতে বলুন যেখানে বেনিফিশিয়ারি টয়লেট স্থাপনের জন্য আসবে এবং এন্টারপ্রাইজের মালিক/উদ্যোক্তা তাকে জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং সেনিটেশন ব্যবস্থা সম্পর্কে বলবেন।

৩. সারসংক্ষেপ ও ফিডব্যাক

- অধিবেশনে আলোচ্য সবগুলো বিষয় আবার সংক্ষেপে আলোচনা করুন। কয়েকজন অংশগ্রহণকারীকে আজকের সেশন সম্পর্কে তাদের মতামত তুলে ধরতে বলুন। জিজ্ঞেস করুন:
  - আজকের সেশনের কোন বিষয়গুলো ভালো লেগেছে? কেন?
  - আপনাদের এলাকায় কোন ধরণের নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা প্রযোজ্য হতে পারে?
  - কোন ব্যবস্থাগুলোর জন্য বেনিফিশিয়ারিরা ক্ষুদ্র ঋণ নিতে বেশি আগ্রহী হবে?
  - আপনারা কীভাবে গ্রহীতাকে বিভিন্ন ধরনের জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং সেনিটেশন ব্যবস্থা সম্পর্কে ধারণা দিতে পারেন?
  - আমাদের ব্যবসা সম্প্রসারণে এই জ্ঞান/দক্ষতা কীভাবে কাজে লাগাতে পারি?
- সবাকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-৪: দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু পানি ও স্যানিটেশন প্রযুক্তি পরিচিতি

নিরাপদ পানি: গভীর নলকূপ (ডিপ টিউবয়েল) — স্লাইড-১



গভীর নলকূপ (ডিপ টিউবয়েল)ব্যবহারের সুবিধা:

- আর্সেনিক মুক্ত পানি পাওয়া যায়
- পানিবাহিত বিভিন্ন রোগ যেমন-ডাইরিয়া, কলেরা ইত্যাদি থেকে রক্ষা পাওয়া যায়
- অনেক গভীর থেকে পানি তুলে আনে তাই খরা মৌসুমেও পানি পাওয়া যায়
- নিরাপদ পানি পাওয়া যায়
- স্থাপনের জন্য অনেক জায়গার প্রয়োজন হয় না

গভীর নলকূপ (ডিপ টিউবয়েল) স্থাপনের আনুমানিক ব্যয়: ৬৬,৮২০ টাকা

নিরাপদ পানি: সাবমার্সিবল পাম্প — স্লাইড-২

সাবমার্সিবল পাম্প ব্যবহারের সুবিধা:

- স্থাপনের জন্য বেশি জায়গা প্রয়োজন হয়না
- পানির পাম্প নিচে থাকে তাই শুষ্ক মৌসুমে পানি পাওয়া যায়
- অন্যান্য পাম্পের তুলনায় এই পাম্প চলার সময় শব্দ হয় কম
- অধিক পরিমানে পানি পাওয়া যায়
- অনেক গভীর থেকে পানি তুলে আনে

সাবমার্সিবল পাম্প স্থাপনের আনুমানিক ব্যয়: ৬২,০০০ টাকা

নিরাপদ পানি: পানির ফিল্টার

স্লাইড-৩

পানির ফিল্টার ব্যবহারের সুবিধা:

- পানি সতেজ ও পরিস্কার রাখে
- পানির মধ্যে থাকা ক্ষতিকর ব্যাকটেরিয়া মুক্ত করে
- পানিতে কোন দুর্গন্ধ থাকলে তা দূর করে
- ফিল্টার ভেদে ঠান্ডা ও গরম এর সুবিধা
- পানিবাহিত বিভিন্ন রোগ যেমন- ডায়রিয়া, কলেরা, আমাশয় থেকে রক্ষা পাওয়া যায়

পানি বিশুদ্ধকরণ ফিল্টার ক্রয় ও স্থাপনের আনুমানিক ব্যয়:

ক্র.নং	পণ্যর বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	সাধারণ ফিল্টার	১	৫,০০০	৫,০০০
২.	ঠান্ডা ও গরম পানি ফিল্টার (প্রতিস্থাপন খরচ বাদে)	১	১৮,০০০	১৮,০০০

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি: আরও ফিল্টার

স্লাইড-৪

আরও পানির ফিল্টার ব্যবহারের সুবিধা:

- পানি সতেজ ও পরিষ্কার রাখে
- পানিবাহিত বিভিন্ন রোগ যেমন-ডায়রিয়া, কলেরা ইত্যাদি থেকে রক্ষা পাওয়া যায়
- পানির মধ্যে থাকা ক্ষতিকর ব্যাকটেরিয়া মুক্ত করে
- পানিতে কোন দুর্গন্ধ থাকলে তা দূর করে
- লবনাক্ত পানি পরিশোধিত করে

পানি বিশুদ্ধকরণ ফিল্টার ক্রয় ও স্থাপনের আনুমানিক ব্যয়:

ক্র.নং	পণ্যর বিবরণ	পরিমাণ	দর	মোট টাকা
১.	আরও পানি ফিল্টার (প্রতিস্থাপন খরচ বাদে)	১	১৫,০০০	১৫,০০০
২.	আরও ঠান্ডা ও গরম পানি ফিল্টার (প্রতিস্থাপন খরচ বাদে)	১	২০,৯০০	২০,৯০০

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি: বৃষ্টির পানি সংরক্ষণ	স্লাইড-৫

বৃষ্টির পানি সংর ণের সুবিধা:

- শুষ্ক মৌসুমের জন্য খাবার পানি সংগ্রহ করে রাখা যায়
- এই পানির জন্য আলাদা করে প্রতিদিন বহন করে পানি আনতে হয় না
- একবার বিনিয়োগ করলে অনকে দিন সুবিধা পাওয়া যায়
- সঠিকভাবে সংরক্ষণ করলে নিরাপদ পানি পাওয়া যায় এতে করে রোগবালাই কম হয়
- বৃষ্টির পানি সংরক্ষণ করলে বাড়ির মাটির ক্ষয় রোধ হয়

বৃষ্টির পানি সংগ্রহের ট্যাংক ও অন্যান্য যন্ত্রাংশের আনুমানিক ব্যয়:

- পানির ট্যাংক (২০০০ লিটার)=১৬,৭০০ টাকা
- পানির ট্যাংক (৩০০০ লিটার)=২৫,০০০ টাকা
- পানির ট্যাংক (৪০০০ লিটার)=৩৫,০০০ টাকা

বৃষ্টির পানি সংগ্রহ ও সংরক্ষণ বিষয়ক নিয়মাবলী

স্লাইড-৬

১

বৃষ্টির পানি সংগ্রহের জন্য ব্যবহৃত টিনের চালের উপর গাছের ডালপালা থাকলে তা সরিয়ে ফেলতে হবে।

২



বর্ষা মৌসুম শুরু পূর্বে টিনের চাল ভালোভাবে পরিস্কার এবং গাটারের ভিতর জমে থাকা পাতা, ময়লা, ধুলাবালি ইত্যাদি ভালভাবে পরিস্কার করতে হবে।

৩

প্রতিবছর পানি সংরক্ষণের পূর্বে ট্যাংকি ব্লিচিং পাউডার মিশ্রিত পানি দ্বারা জীবাণুমুক্ত করতে হবে। এক্ষেত্রে ২০ লিটার পানিতে এক টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার ভালভাবে গুলিয়ে কাপড়ে ছেঁকে ব্যবহার করতে হবে।

৪

ডেলিভারি ট্যাপ, গেটভাল্ব, পাইপের বিভিন্ন জয়েন্ট, চালের সাথে লাগানো হ্যাঙ্গার ইত্যাদিতে সমস্যা থাকলে বর্ষা শুরুর পূবেই মেরামত করে নিতে হবে।

৫

বৃষ্টি শুরুর প্রথম ১০-১৫ মিনিট পানি ফেলে দেয়ার পর থেকে পানি সংগ্রহ শুরু করতে হবে। এজন্য শুরতে ফ্লাশিং পাইপ খুলে রাখতে হবে। এরপর বৃষ্টি শুরুর ১০-১৫ মনিটি পর ফ্লাশিং পাইপের গেটভাল্ব বন্ধ করে পানি সংগ্রহ করতে হবে।

৬

প্রতি ৭-১০ দিন অন্তর ফিল্টারের উপরের ছাঁকনি (মেস) খুলে দেখতে হবে এবং পাতা বা অন্য কোন ময়লা জমে থাকলে পরিস্কার করতে হবে।

৭

ফিল্টারের ভেতরের ছাঁকনি দুটি (মেস ও ব্যাগ) সাবান পানিতে ৩০ মিনিট ভিজিয়ে রেখে পরিস্কার করে রোদে শুকিয়ে নিতে হবে।

৮

ট্যাংকের ঢাকনা সবসময় বায়ুবদ্ধ অবস্থায় বন্ধ রাখতে হবে।

৯

সংরক্ষণ ট্যাংকের চারপাশ নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখার মাধ্যমে স্বাস্থ্যসম্মত পরিবেশে নিশ্চিত করতে হবে।

১০

গাটার পাইপ ঢালু (এক-পাশে উঁচু ও অন্য পাশে নিচু) ও সঠিক স্থানে না থকেলে হ্যাঙ্গার খুলে সঠিক স্থানে ও ঢালু করে স্থাপন করতে হবে।

১১

প্রতি বছর বৃষ্টির কারণে মাটি ক্ষয়ে গিয়ে ট্যাংক ও প্ল্যাটফর্ম এর চারপাশে যাতে পানি জমে না থাকে সেজন্য ট্যাংকের চারপাশে মাঝে মাঝে মাটি ফেলে উঁচু করে দিতে হবে।

১২



ট্যাপের ভিতরে রাবারের সিল কেটে গেলে বা ভাল্ব নষ্ট হয়ে গেলে নতুন ট্যাপ লাগাতে হবে।

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি: মিনি-তারা নলকূপ | স্লাইড-৭



মিনি তারা নলকূপ ব্যবহারের সুবিধা:

- নিরাপদ পানি পাওয়া যায়
- প্রয়োজন অনুযায়ী সহজে ব্যবহার করা যায়
- শুষ্ক মৌসুমে সঠিকভাবে পানি পাওয়া যায়
- আর্সেনিক মুক্ত পানি পাওয়া যায়
- স্থাপনের জন্য অনেক জায়গার প্রয়োজন হয় না
- পুরাতন নলকূপ কে মিনি তারা নলকূপে পরিবর্তন করা যায়

মিনি তারা নলকূপ স্থাপনের আনুমানিক ব্যয়: ৭২,৪০৫ টাকা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি: ডাবল প্ল্যাটফর্ম টিউবওয়েল | স্লাইড-৮

ডাবল প্ল্যাটফর্ম টিউবওয়েল ব্যবহারের সুবিধা:

- বন্যার সময়ে টিউবওয়েল নিচের প্লাটফর্ম থেকে উপরের প্লাটফর্মে স্থানান্তরের মধ্যমে পানি নিরাপদ রাখা যায়
- বন্যার সময় পানিতে ক্ষতিকর ব্যকটেরিয়া প্রবেশ করতে পারেনা
- পানিতে কোন দুর্গন্ধ ছড়াতে পারেনা
- পানিবাহিত বিভিনড়ব রোগ যেমন– ডায়রিয়া, কলেরা, আমাশয় থেকে রক্ষা পাওয়া যায়
- বন্যাকলীন পানি দূষণমুক্ত রাখা যায়

ডাবল প্ল্যাটফর্ম টিউবওয়েল স্থাপনের আনুমানিক ব্যয়: ৩২,৫২০ টাকা

নিরাপদ স্যানিটেশন: গোসলখানাসহ ল্যাট্রিন (সেপটিক ট্যাংক এবং সোকওয়েলসহ) — স্লাইড-৯



গোসলখানাসহ ল্যাট্রিন (সেপটিক ট্যাংক এবং সোকওয়েলসহ) ব্যবহারের সুবিধা:

- সেপটিক ট্যাংক ভূগর্ভস্থ পানি দূষিত হওয়া থেকে পরিবেশকে রক্ষা করে এবং বেশি
- কার্যকর
- ইটের গাঁথুনি দিয়ে তৈরি বলে ময়লা বা জীবাণু বাইরে আসতে পারেনা
- পরিবারের সদস্যগণ যেমন সুস্থ থাকে তেমনি পরিবেশও ভাল থাকে সাথে

- পরিবারের জন্য চিকিৎসা বাবদ বাড়তি খরচ হয় না
- সোকওয়েল রক্ষণাবেক্ষণ খরচও খুবই অল্প
- ল্যাট্রিন ও গোসলখানা পাশাপাশি হওয়ায় গোসল করতে দূরে যেতে হয় না
- টাইলস্ এর জন্য ল্যাট্রিন পরিস্কার করতে কষ্ট কম হয়

গোসলখানাসহ ল্যাট্রিন (সেপটিক ট্যাংক এবং সোকওয়েলসহ) স্থাপনের আনুমানিক ব্যয়: ১,০০,১৫০ টাকা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন: উঁচু প্ল্যাটফর্মযুক্ত টিনশেড ল্যাট্রিন — স্লাইড-১০

উঁচু প্ল্যাটফর্মযুক্ত টিনশেড ল্যাট্রিন ব্যবহারের সুবিধা:

- ল্যাট্রিন এর প্ল্যাটফর্ম সিসি ঢালাই দিয়ে তৈরি করা ও চারদিকের টিনের দেয়াল হওয়ায় ল্যাট্রিন অনেক মজবুত হয়
- পিটের মুখ ঢাকনা দিয়ে বন্ধ থাকে তাই ল্যাট্রিন এর ময়লা ও জীবাণু বাইরে আসেনা
- দুই গর্ত বিশিষ্ট পিট থাকার কারনে দীর্ঘদিন ব্যবহার করা যায়
- নিরাপদে ব্যবহার করা যায়

উঁচু প্ল্যাটফর্ম যুক্ত টিনশেড ল্যাট্রিন স্থাপনের আনুমানিক ব্যয়: ৪০,০০০ টাকা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন: উঁচু প্ল্যাটফর্মযুক্ত আধাপাকা ল্যাট্রিন	স্লাইড-১১

উঁচু প্ল্যাটফর্মযুক্ত আধাপাকা ল্যাট্রিন ব্যবহারের সুবিধা:

- ল্যাট্রিন এর প্লাটফর্ম সিসি ঢালাই দিয়ে করা ও চারদিকের ইটের দেয়াল হওয়ায় ল্যাট্রিন অনেক মজবুত ও দীর্ঘস্থায়ী হয়
- পিটের মুখ ঢাকনা দিয়ে বন্ধ থাকে তাই ল্যাট্রিন এর ময়লা ও জীবাণু বাইরে আসেনা
- দুই গর্ত বিশিষ্ট পিট থাকার কারনে দীর্ঘদিন ব্যবহার করা যায়
- নিরাপদে ব্যবহার করা যায়

উঁচু প্ল্যাটফর্মযুক্ত আধাপাকা ল্যাট্রিন স্থাপনের আনুমানিক ব্যয়: ৪৬,০০০ টাকা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন: উঁচু প্ল্যাটফর্মযুক্ত পাকা ল্যাট্রিন	স্লাইড-১২



উঁচু প্ল্যাটফর্মযুক্ত পাকা ল্যাট্রিন ব্যবহারের সুবিধা:

- ল্যাট্রিন এর প্লাটফর্ম সিসি ঢালাই দিয়ে করা ও চারদিকের ইটের দেয়াল হওয়ায় ল্যাট্রিন অনেক মজবুত ও দীর্ঘস্থায়ী হয়
- মুখ ঢাকনা দিয়ে বন্ধ থাকে তাই ল্যাট্রিন -এর ময়লা ও জীবাণু বাইরে আসেনা
- সেপটিক ট্যাংক ভূগর্ভস্থ পানি দূষিত হওয়া থেকে পরিবেশকে র া করে
- সেপটিক ট্যাংকসহ ল্যাট্রিন ব্যবহারের কারণে পরিবারের সদস্যগণ যেমন সুস্থ থাকে তেমনি পরিবেশও ভাল থাকে।

উঁচু প্ল্যাটফর্মযুক্ত পাকা ল্যাট্রিন স্থাপনের আনুমানিক ব্যয়: ১,০০,০০০ টাকা

জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশন: টোটাল ওয়াশ	স্লাইড-১৩



টোটাল ওয়াশ-এর সুবিধা:

- টোটাল ওয়াশ এর মধ্যে সোকওয়েল ও সেপটিক ট্যাংকসহ ল্যট্রিন, গোসলখানা, হাত ধোয়ার বেসিন, রান্নাঘরের সিঙ্ক, পানির মটর, পানির ট্যাংক, সাবমার্সিবল টিউবওয়েল থাকায় বাড়ির সার্কিক স্যানিটেশন নিশ্চিত হয়।
- প্রতিটি পণ্য আলাদা আলাদা লোনের মাধ্যমে স্থাপন করা যায়
- একসাথে অনেক অর্থ ব্যয় করার প্রয়োজন হয় না
- পরিকল্পনা অনুসারে বাড়ির সকল ওয়াশ পণ্য স্থাপন করা যায়

টোটাল ওয়াশ-ব্যবস্থা স্থাপনের আনুমানিক ব্যয়: ৩,০০,০০০ টাকা

অধিবেশন-৪

ওয়াশ এন্টারপ্রাইজের সম্প্রসারণ ও ক্ষুদ্রঋণ

অধিবেশন-৪

[redacted]

সময়: ৬০ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ–

- জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং স্যানিটেশন সেবা উপযোগী এন্টারপ্রাইজ সম্প্রসারণের লক্ষ্য ও প্রয়োজনীয় সম্পদের যোগান সম্পর্কে বলতে পারবেন;
- ক্ষুদ্র ঋণের মাধ্যমে কীভাবে নিজেদের প্রতিষ্ঠানকে সার্বিক সেনিটেশন সেবাপ্রদানকারী এন্টারপ্রাইজ হিসাবে সম্প্রসারণ করবেন তা ব্যাখ্যা করতে পারবেন; এবং
- WME-এর ক্ষেত্রে জেন্ডার বৈষম্য নিরসনের উপায় ব্যাখ্যা করতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	এন্টারপ্রাইজ সম্প্রসারণের লক্ষ্য ও প্রয়োজ-নীয় সম্পদের যোগান	৩০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার কলম, ফ্লিপশিট স্ট্যান্ড ও পাওয়ার পয়েন্ট স্লাইড
২.	ক্ষুদ্র ঋণের মাধ্যমে সার্বিক সেনিটেশন সেবা প্রদান	১০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও ভূমিকাভিনয়	পাওয়ার পয়েন্ট স্লাইড
৩.	WME-এর ক্ষেত্রে জেন্ডার বৈষম্য নিরসনের উপায়	১৫ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার ও পাওয়ার পয়েন্ট স্লাইড
৪.	সারসংক্ষেপ ও ফিডব্যাক	৫ মিনিট	আলোচনা	------------

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. এন্টারপ্রাইজ সম্প্রসারণের লক্ষ্য ও প্রয়োজনীয় সম্পদের যোগান

- অধিবেশনে অংশগ্রহণকারীদের স্বাগত জানান ও অধিবেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। বলুন: শুরুতেই আমরা জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং স্যানিটেশন সেবা উপযোগী এন্টারপ্রাইজ সম্প্রসারণের লক্ষ্য ও প্রয়োজনীয় সম্পদের যোগান সম্পর্কে আলোচনা করব। এরপর আমরা আলোচনা করব কীভাবে ক্ষুদ্র ঋণের মাধ্যমে নিজেদের এন্টারপ্রাইজকে সময়োপযোগী ব্যবসায়ী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলব এবং এ ক্ষেত্রে কীভাবে জেন্ডার বৈষম্য কমিয়ে আনতে পারি। বলুন, WME মূলত SME -এর মতো একটি ছোট বা মাঝারি আকারের ব্যবসা প্রতিষ্ঠান, যে সব উদ্যোক্তা ল্যাট্রিন ও টিউবওয়েল তৈরির সরঞ্জাম বিক্রি করেন, স্থাপন করেন এবং এ বিষয়ে যাদের প্রশিক্ষণ আছে তাদেরকে বোঝায়।

- কয়েকটি সাধারণ প্রশ্ন দিয়ে আলোচনা শুরু করুন।

  – আপনার এলাকার নিরাপদ পানি ও স্যানিটেশনে WME কী ভূমিকা পালন করতে পারে?
  – আপনার ব্যবসাকে আগামী পাঁচ বছর পর কীভাবে দেখতে চান?
  – আপনার ব্যবসাকে কতটা সম্প্রসারণ করতে চান এবং কী কী পণ্য বা সেবা যোগ করতে চান?

- অংশগ্রহণকারীদের উত্তরগুলো শুনুন এবং ফ্লিপচার্ট পেপারে 'স্বপ্ন' শিরনামে লিখে রাখুন। আরেকটি ফ্লিপশিটে 'বর্তমান' ও 'ভবিষ্যৎ' শিরনামে দুটি কলাম তৈরি করুন। 'বর্তমান' কলামে তাদের বর্তমান ব্যবসার ধরন জেনে নিয়ে (পণ্য, সেবা, গ্রাহকের আকার) ইত্যাদি লিখুন।
- এবার প্রশ্ন করুন:
  - 'ভবিষ্যৎ' লক্ষ্যে পৌঁছাতে হলে আপনাদের নতুন কী কী পদক্ষেপ নিতে হবে?
  - নতুন কোন পণ্য, যন্ত্রপাতি যুক্ত করার প্রয়োজন হবে কী?
- অংশগ্রহণকারীদের প্রশ্নের উত্তরগুলো 'ভবিষ্যৎ' কলামে লিখুন। বলুন, আমরা যুগোপযোগী সেবা প্রদান করার জন্য নিজেদের এন্টারপ্রাইজকে কীভাবে দেখতে চাই এবং ভবিষ্যতে জলবায়ু সহিষ্ণু যুগোপযোগী নিরাপদ পানি এবং স্যানিটেশন সেবা দেয়ার জন্য কী কী সেবা বা পণ্য ব্যবসায় যুক্ত করতে হবে তা নির্ধারণ করলাম। এই জানাবোঝাই আমাদেরকে ভবিষ্যতে টিকে থাকতে সহায়তা করবে। অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ জানান।

২. ক্ষুদ্র ঋণের মাধ্যমে সার্বিক সেনিটেশন সেবা প্রদান

- জিজ্ঞাসা করুন, আমাদের লক্ষ্য অর্জনে কত টাকার প্রয়োজন হতে পারে? অংশগ্রহণকারীদের তাদের ব্যবসার চাহিদা অনুযায়ী আনুমানিক ব্যয় হিসাব করতে বলুন। যেমন:
  - নতুন যন্ত্রপাতি
  - কর্মচারীর বেতন
  - প্রশিক্ষণ
  - ভাড়া ও আনুসাঙ্গিক ব্যবসা পরিচালনা খরচ
- টাকার পরিমান বের করার জন্য কিছুটা সময় দিন। কয়েকজনের কাছ থেকে উত্তর শুনুন।
- বলুন ব্যবসার সফলতা তখনই হয় যখন কোনো ব্যবসায়ীর ভবিষ্যতের স্বপ্ন থাকে, স্বপ্নে পৌঁছানোর জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা থাকে এবং সেই পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ থাকে। বলুন, একজন ভালো উদ্যক্তা তিনিই যিনি লক্ষ্য নির্ধারণ করতে পারেন, সুষ্ঠ পরিকল্পনা করতে পারেন, ব্যবসা পরিচালনার জন্য বিভিন্ন তথ্য সংগ্রহ করতে পারেন, গ্রহিতাকে উদ্বুদ্ধ/প্রভাবিত করতে পারেন, যাদের আত্মবিশ্বাস আছে, সুযোগ কাজে লাগান, নিগোসিয়েশন কৌশল জানেন, পরিশ্রম করতে পারেন এবং প্রতিশ্রুতি রক্ষা করেন। সর্বপরি একজন উদ্যোক্ত ঝুঁকি নিয়ে থাকেন। এবার, বোর্ডে লিখে দৃশ্যমান করে নিচের প্রশ্নটি করুন।
  - ক্ষুদ্রঋণ কীভাবে এই অর্থের ব্যবস্থা করতে সাহায্য করতে পারে?
- তাদের উত্তরগুলো বোর্ডে লিখে দৃশ্যমান করুন। এবং ক্ষুদ্র ঋণের সুবিধাগুলো আলোচনা করুন। যেমন, সহজলভ্য, ব্যবসা সম্প্রসারণে সাহায্য করে, ক্ষুদ্র মূলধন পাওয়া যায়, সহজ শর্ত এবং চাহিদা অনুযায়ী ঋণ পাওয়া যায়।

৩. WME-এর ক্ষেত্রে জেন্ডার বৈষম্য নিরসনের উপায়

- অংশগ্রহণকারীদের মধ্যে পাশাপাশি দুই জনের একটি দল করুন। প্রত্যেক দলকে একটি করে ভিপকার্ড ও মার্কার কলম দিন এবং প্রতিটি দলকে তাদের মধ্যে আলোচনা করে ডগউ-এর ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ কীভাবে বৃদ্ধি করা যায় তা লিখতে বলুন।
- লিখিত ভিপকার্ড সংগ্রহ করুন এবং আলোচনার মাধ্যমে গুচ্ছ করে কার্ডগুলো প্রদর্শন করুন।
- অংশগ্রহণকারীদের মতামতের সাথে মিলিয়ে স্লাইড দেখিয়ে জেন্ডার বৈষম্য নিরসনের উপায় অর্থাৎ কীভাবে নারীদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করা যায় তা ব্যাখ্যা করে আলোচনা করুন।

৪. সারসংক্ষেপ ও ফিডব্যাক

- অধিবেশনে আলোচ্য সবগুলো বিষয় আবার সংক্ষেপে আলোচনা করুন। কয়েকজন অংশগ্রহণকারীকে আজকের সেশন সম্পর্কে তাদের মতামত তুলে ধরতে বলুন। জিজ্ঞেস করুন:
  - আজকের সেশনের কোন বিষয়গুলো ভালো লেগেছে? কেন?
  - আপনাদের ব্যবসা সম্প্রসারণ করতে ক্ষুদ্রঋণ কীভাবে সহায়তা করতে পারে?
  - নারীদের এগিয়ে আসার জন্য আপনারা কী পদক্ষেপ নিতে পারেন?
- সবাকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-৪: ওয়াশ এন্টারপ্রাইজের সম্প্রসারণ ও ক্ষুদ্র ঋণ

কারা ক্ষুদ্র ঋণ পেতে পারেন? — স্লাইড ১

নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন স্থানীয় স্যানিটেশন উদ্যোক্তাগণ ঋণ পেতে পারেন:

- স্থানীয় উদ্যোক্তা যাদের ব্যবসার লাইসেন্স আছে;
- কর্ম এলাকায় একটি দৃশ্যমান স্থানে উৎপাদন কেন্দ্র এবং সাইনবোর্ডসহ একটি দোকান আছে;
- স্যানিটেশণ কাজে ২-৩ বছরের অভিজ্ঞতা আছে;
- স্যানিটেশন ব্যবসাটি উদ্যোক্তার প্রধান ব্যবসা;
- সংস্থার সাথে কাজ করতে, গ্রহীতার জন্য পণ্য সহজলভ্য এবং পণ্য সম্পর্কে জানতে আগ্রহী;
- জলবায়ু সহিষ্ণু প্রোডাক্ট তৈরি এবং সদস্যদের নিকট সেবা প্রদানে আগ্রহী;
- প্রয়োজনীয় তথ্য বিনিময়ে সহযোগিতা করার মানসিকতা আছে;
- রাজমিস্ত্রি যারা উদ্যোক্তা হিসাবে আত্মপ্রকাশ করতে চায় এবং যাদের লাইসেন্স আছে।

c সংস্থার নিজস্ব ঋণ নীতিমালা প্রযোজ্য হবে।

WME-এর ক্ষেত্রে জেন্ডার বৈষম্য নিরসনের উপায় — স্লাইড ২

- নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ প্রশি ণ কর্মসূচি আয়োজন করা, যেখানে তারা ব্যবসা পরিচালনার কৌশল, আর্থিক ব্যবস্থাপনা, এবং স্যানিটেশন ও স্বাস্থ্যবিষয়ক জ্ঞান অর্জন করতে পারে;
- জেন্ডার সমতা ও নারীর অধিকার নিয়ে WME এবং তাদের পরিবারের মধ্যে সচেতনতা তৈরি করা;
- নারী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে আলাদা অগ্রাধিকার দিয়ে ুদ্র ঋণ প্রাপ্তির ব্যবস্থা করা;
- নারী রাজমিস্ত্রি এবং উদ্যোক্তাদের দ তা উন্নয়নে আলাদা কর্মসূচি নেওয়া;
- ব্যবসা শুরু করতে নারী উদ্যোক্তাদের আর্থিক ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করা;
- বাজারে প্রবেশ সহজ করার জন্য নারী উদ্যোক্তাদের পণ্য বা সেবা প্রদর্শনের সুযোগ দেওয়া;
- পরিবার ও সমাজের মধ্যে নারী WME-এর গুরুত্ব ব্যাখ্যা করা;
- স্থানীয় নেতৃত্ব ও পুরুষ সহযোগীদের মাধ্যমে নারীদের কাজে সহায়তা করার পরিবেশ তৈরি করা;
- অনলাইনে বিক্রয় এবং নেটওয়ার্কিং-এর প্রশি ণ দিয়ে তাদের ব্যবসার পরিধি বাড়ানো;
- জেন্ডার-বান্ধব কর্মপরিবেশ তৈরি:
- নারী WME-দের নিয়ে একটি সমিতি বা নেটওয়ার্ক তৈরি করা, যেখানে তারা অভিজ্ঞতা ভাগাভাগি করতে এবং একে অন্যকে সহায়তা করতে পারে;
- সফল নারী উদ্যোক্তাদের গল্প প্রচার করে অন্যদের অনুপ্রাণিত করা;
- নারীর মতায়ন এবং নেতৃত্ব প্রদানে WME মডেলকে প্রচার করা।

অধিবেশন-৫

ঋণ প্রদান ও মনিটরিং প্রক্রিয়া

অধিবেশন-৫

[redacted]

সময় : ৪৫ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ–

- WME -কে ঋণ প্রদান প্রক্রিয়া (সদস্য নির্বাচন, ঋণ যাচাই-বাছাই ও অনুমোদন প্রক্রিয়া) ব্যাখ্যা করতে পারবেন:
- WME সঞ্চয় ও ঋণ সুবিধা বলতে পারবেন;
- ঋণ প্রস্তাবনা, অনুমোদন ও পরিশোধ করার প্রক্রিয়া বলতে পারবেন; এবং
- ঋণ গ্রহণের পর সঠিক উদ্দেশ্যে ঋণ ব্যবহার করা হচ্ছে কী না তা সংস্থা থেকে কীভাবে মনিটরিং করা হবে তা বলতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	WME -কে ঋণ প্রদান প্রক্রিয়া	১০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার কলম, ফ্লিপশিট স্ট্যান্ড ও পাওয়ার পয়েন্ট স্লাইড
২.	সঞ্চয় ও ঋণ সুবিধা (খাত)	১০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	পাওয়ার পয়েন্ট স্লাইড
৩.	ঋণ প্রস্তাবনা, অনুমোদন, বিতরণ ও পরিশোধ করার প্রক্রিয়া	১৫ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার ও পাওয়ার পয়েন্ট স্লাইড
৪.	মনিটরিং করার উপায়	১০ মিনিট	দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা	ফ্লিপশিট, মার্কার ও পাওয়ার পয়েন্ট স্লাইড
৫.	সারসংক্ষেপ ও ফিডব্যাক	০৫ মিনিট	আলোচনা	------------

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. WME -কে ঋণ প্রদান প্রক্রিয়া

- অধিবেশনে অংশগ্রহণকারীদের স্বাগত জানান ও অধিবেশনের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। বলুন: এই অধিবেশনে আমরা স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজকে ঋণ প্রদান প্রক্রিয়া, সঞ্চয় ও ঋণ সুবিধা, কীভাবে ঋণ প্রস্তাবনা করা হয়, কীভাবে অনুমোদন করা হয় এবং ঋণ পরিশোধ কীভাবে করা হয় এবং কীভাবে তা মনিটরিং করা হয় সে সম্পর্কে আলোচনা করবো।
- স্লাইড দেখিয়ে সংস্থা থেকে ঋণ প্রদান প্রক্রিয়া ব্যাখ্যা করুন। অংশগ্রহণকারীর কোন প্রশ্ন থাকলে উত্তর দিন।

২.সঞ্চয় ও ঋণ সুবিধা (খাত)

- অংশগ্রহণকারীদের কাছ থেকে জেনে নিন যে তারা আগে কোন ঋণ নিয়েছে কী না। যদি নিয়ে থাকে তাহলে তারা কীভাবে সঞ্চয় জমা করেছে।
- স্লাইড দেখিয়ে সঞ্চয়ের শর্ত ও নিরাপদ পানি ও স্যানিটেশনের ক্ষেত্রে ঋণ সুবিধা আলোচনা করুন। সংস'ার নিয়ম অনুযায়ী সঞ্চয়ের শর্ত আলাদা আলাদা হতে পারে।

৩. ঋণ প্রস্তাবনা, অনুমোদন, বিতরণ ও পরিশোধ করার প্রক্রিয়া

- স্লাইড দেখিয়ে ঋণ প্রস্তাবনা, অনুমোদন, বিতরণ ও পরিশোধ করার প্রক্রিয়া ব্যাখ্যা করুন।

৪. মনিটরিং করার উপায়

স্থানীয় ওয়াশ মাইক্রো এন্টারপ্রাইজকে ঋণ প্রদান প্রক্রিয়া, সঞ্চয় ও ঋণ সুবিধা, কীভাবে ঋণ প্রস্তাবনা করা হয়, কীভাবে অনুমোদন করা হয় এবং ঋণ পরিশোধ কীভাবে করা হয় সে সম্পর্কে আলোচনা করেছি। এপর্যায়ে আমরা কার্যক্রমসমূহের সঠিক বাস্তবায়ন ও প্রত্যাশিত ফলাফল নিশ্চিত করার জন্য কার্যক্রমসমূহের নিয়মিত মনিটরিং করা জরুরি।

WME জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি এবং স্যানিটেশন উদ্যোক্তা হিসাবে যে ঋণ গ্রহণ করেছেন তা সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কী না তা কীভাবে সহায়তামূলক মনিটরিং করা হবে তা স্লাইড দেখিয়ে আলোচনা করুন।

৫. সারসংক্ষেপ ও ফিডব্যাক

- অধিবেশনে আলোচ্য সবগুলো বিষয় আবার সংক্ষেপে আলোচনা করুন। কয়েকজন অংশগ্রহণকারীকে আজকের সেশন সম্পর্কে তাদের মতামত তুলে ধরতে বলুন। জিজ্ঞেস করুন:

  -আজকের সেশনের কোন বিষয়গুলো ভালো লেগেছে? কেন?

- সবাকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-৫: ঋণ প্রদান ও মনিটরিং প্রক্রিয়া

ঋণ প্রদান প্রক্রিয়া — স্লাইড ১

- WME -এর কর্ণধার দুইটি পরিসেবার ক্ষেত্রে এই ঋণ পেতে পারেন। (১) যারা জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির বিভিন্ন পণ্য প্রকল্প এলাকার উপকারভোগিদের বিক্রি করে থাকেন এবং (২) যারা জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যানিটেশনের বিভিন্ন পণ্য প্রকল্প এলাকার উপকারভোগিদের বিক্রি করে থাকেন;
- ঋণ প্রদানের ক্ষেত্রে সংস্থা কতৃক প্রনীত ঋণ কার্যক্রমের নীতিমালা অনুসরন করে ঋণ বিতরন করা হবে;
- ঋণগ্রহণকারীদের নিজস্ব ব্যবসার লাইসেন্স (ট্রেড লাইসেন্স) থাকতে হবে এবং WME -এর কর্ণধারকে স্থানীয় বাসিন্দা হতে হবে;
- WME - কে শারীরিক ভাবে সক্ষম হতে হবে এবং ব্যবসা করার অভিজ্ঞতা থাকতে হবে; এবং
- WME - কে মাসিক অথবা সপ্তাহিক সঞ্চয় প্রদান করতে ইচ্ছুক হতে হবে;
- WME গণের যদি চলমান কোন ঋণ (সংস্থা বা ব্যাংক) থাকে তাহলে সেই ঋণের পাশাপাশি বা একক ঋণ হিসেবে - WME - এর নামে ঋণ গ্রহণ করতে পারবেন;
- কর্মএলাকাভুক্ত নন এমন কোন WME নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা স্থাপন সেবার জন্য ঋণ গ্রহণ করতে চাইলে তাকে সমিতিতে অন্তর্ভুক্ত করে পানি ও স্যানিটেশন কর্মসূচির বিদ্যমান নিয়ম অনুযায়ী এ ঋণ প্রদান করা যাবে;
- যারা নিরাপদ পানি ও স্যানিটেশন এর ক্ষেত্রে ওয়ান-স্টপ-সার্ভিস প্রদান করতে আগ্রহী;
- সংস্থার নিয়মনীতির প্রতি আস্থাবান অর্থাৎ সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হতে হবে; এবং
- অবশ্যই ঋণ নিয়ে ও সময়মত পরিশোধে আগ্রহী এবং সামর্থ্যবান হতে হবে।

সঞ্চয় ও ঋণ সুবিধা — স্লাইড ২

সঞ্চয়:

- সংস্থার নিয়ম অনুযায়ী নির্ধারিত হারে সঞ্চয় জমা দিতে হবে;
- কর্মসূচির আওতায় নিরাপদ পানি ও স্যানিটেশনের WME হিসাবে নিয়মিত সঞ্চয়সহ আবেদনকৃত ঋণের জন্য ন্যূনতম ৭% অতিরিক্ত সঞ্চয় জমা করতে হবে;
- WME কে অবশ্যই নিরাপত্তা সঞ্চয়ের আওতাভুক্ত হতে হবে।

নিরাপদ পানির প্রযুক্তি/পণ্যের জন্য ঋণ সুবিধা:

- WME কে অবশ্যই জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানির বিভিন্ন প্রযুক্তি/পণ্যের সেবা দিতে হবে। যেমন: ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, মিনি-তারা টিউবওয়েল, সাবমার্সিবল পাম্প, বৃষ্টির পানি সংরক্ষণ ইত্যাদি।

নিরাপদ স্যনিটেশন প্রযুক্তির জন্য ঋণ সুবিধা:

- WME কে অবশ্যই জলবায়ু সহিষ্ণু নিরাপদ স্যনিটেশন-এর বিভিন্ন প্রযুক্তি/পণ্যের সেবা দিতে হবে। যেমন: উঁচু প্ল্যাটফর্মযুক্ত টিনশেড ল্যাট্রিন, উঁচু প্ল্যাটফর্মযুক্ত আধাপাকা ল্যাট্রিন, উঁচু প্ল্যাটফর্মযুক্ত পাকা ল্যাট্রিন, টোটাল ওয়াশ ইত্যাদি।

ঋণের সিলিং — স্লাইড ৩

- শুধুমাত্র স্যানিটেশন ব্যবসা সম্প্রসারণ = ১ থেকে ৩ লক্ষ
- শুধুমাত্র নিরাপদ পানির ব্যবসা সম্প্রসারণ = ১ থেকে ২ লক্ষ
- নিরাপদ পানির ও স্যানিটেশন ব্যবসা সম্প্রসারণ = ৩ থেকে ১০ লক্ষ

ঋণ প্রস্তাবনা, অনুমোদন, বিতরণ ও পরিশোধ করার প্রক্রিয়া	স্লাইড ৪

গ্রাহক →	WME
↓	
ঋণ প্রস্তাব প্রণয়ন →	মাঠকর্মী
↓	
ঋণ প্রস্তাব যাচাই →	শাখা ব্যবস্থাপক
↓	
ঋণ অনুমোদন →	শাখা ব্যবস্থাপক
↓	
ঋণ বিতরন →	ঋণগ্রহীতা, কর্মী, শাখা ব্যবস্থাপক, হিসাব রক্ষক ও জামিনদারের উপস্থিতিতে
↓	
ঋণ ফলোআপ →	শাখা ব্যবস্থাপক

WME ঋণ বিতরণ আদায় ও কিস্তি পরিশোধ পদ্ধতি:	স্লাইড ৫

ঋণের জন্য আবেদন পদ্ধতি:

ক্রেডিট অফিসার/লোন অফিসারগণ সদস্যদের ঋণ পাওয়ার যোগ্যতা যাচাই করবেন। এক্ষেত্রে তিনি সরাসরি ঋণ ব্যবহারের ক্ষেত্র যাচাই করবেন। ঋণ গ্রহণে আগ্রহী ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা সংস্থার ঋণ প্রদানের নীতিমালার আলোকে সদস্যের উপস্থিতিতে এবং অন্যান্য সদস্যদের সম্মতিক্রমে একটি রেজুলেশন গ্রহণ করবে এবং তার ভিত্তিতে ঋণের আবেদন পত্র ও চুক্তিপত্র পূরণ ও স্বাক্ষর করে সুপারভাইজার/ব্যবস্থাপকের নিকট পেশ করবে। এখানে উল্লেখ থাকে যে, সমিতির সভায় এবং সভাপতি, সেক্রেটারি, কোষাধ্যক্ষ ও সংশ্লিষ্ট কর্মীর যৌথ বিবেচনায় ঋণ সিদ্ধান্ত গৃহীত হবে।

ঋণ আবেদন পত্র মূল্যায়ন ও মঞ্জুরী:

শাখা ব্যবস্থাপক/সুপারভাইজার ঋণ আবেদন পত্রে প্রদত্ত তথ্যাবলী যাচাই সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করবে এক্ষেত্রে প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনীয় যাচাই সাপেক্ষে ঋণ প্রস্তাব চূড়ান্তভাবে অনুমোদন বা সুপারিশ করবেন।

ঋণের জামানত:

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নীতিমালার আলোকে জামানতনামা পূরণ করতে হবে। জামানতনামায় সমিতির পদাধিকারী সদস্য যেমন-সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষকেই দায়ভার গ্রহণ করতে হবে এবং স্বাক্ষর করবে। এ ছাড়াও পরিবারিক জামিনদার স্বাক্ষর করবেন ও দায়বদ্ধ থাকবেন।

WME ঋণ বিতরণ আদায় ও কিস্তি পরিশোধ পদ্ধতি:	স্লাইড ৬

ঋণ বিতরণ:

ঋণ চূড়ান্তভাবে অনুমোদন হওয়ার পর নির্ধারিত কর্মদিবসে ঋণ বিতরণ করা হবে। ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নের নিয়ম সমূহ অনুসরণ করা হবে।

ক) সংস্থার কার্যালয়ে এসে ঋণ গ্রহণ করতে হবে। সদস্যের অনুপস্থিতিতে সদস্যকে ঋণ প্রদান করা হবে না।

খ) কর্মী ও সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সেক্রেটারী/কোষাধ্যক্ষের উপস্থিতিতে ঋণ প্রদান করতে হবে।

গ) হিসাব বিভাগ/শাখা ব্যবস্থাপক ঋণ বিতরণ করবে।

ঘ) ঋণ বিতরণের সময় ঋণ বিতরণ মাষ্টার রোল (ঋণ বিতরণ রেজিষ্টার) চুক্তিপত্রে ও ঋণ কার্ডে ঋণ গ্রহীতার স্বাক্ষর নিশ্চিত করতে হবে এবং ঋণ বিতরণ রশিদে সমিতির পক্ষে সভাপতি, সেক্রেটারি এবং কোষাধ্যক্ষের মধ্যে যে কোন ২ জনের স্বাক্ষর নিশ্চিত করতে হবে।

ঋণ পরিশোধ পদ্ধতি:

সমিতি/সদস্যরা ঋণ গ্রহণ ও পরিশোধের ক্ষেত্রে সমিতির সভাপতি, সেক্রেটারী, কোষাধ্যক্ষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সাপ্তাহিক/মাসিক সভায় মাঠ কর্মকর্তার উপস্থিতিতে ঋণের কিস্তি পরিশোধ কতে হবে, অথবা অফিসে এসে হিসাব বিভাগে কিস্তি জমা করে জমা রাশিদ সংগ্রহ করতে হবে।

সহায়তামূলক মনিটরিং	স্লাইড ৭

সহায়তামূলক মনিটরিং হচ্ছে এমন একটি প্রক্রিয়া যেখানে দল বা ব্যক্তিকে সহায়তা করার জন্য পরিচালিত হয়। সংস্থার কর্মীরা মনিটরিং-এর সময় যে বিষয়গুলো দেখবেন:

- ঋণের টাকা নির্ধারিত সময়ের মধ্যে ও পরিকল্পনা মাফিক খরচ হচ্ছে কিনা?
- বাস্তবায়নে কোন সমস্যা হচ্ছে কিনা?
- জলবায়ু সহিষ্ণু নিরাপদ পানি ও স্যানিটেশনে সহায়ক হচ্ছে কিনা?
- কী পদক্ষেপ নিলে উদ্দেশ্য অর্জন সহজ হবে?

অধিবেশন-৬

প্রশিক্ষণ সমাপনী

অধিবেশন-৬

[redacted]

সময় : ৪৫ মিনিট

উদ্দেশ্য : অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ...

- প্রশি ণ থেকে শেখা নতুন বিষয় সম্পর্কে তাদের অনুভূতি প্রকাশ করতে পারবেন।

অধিবেশন বিন্যাস:

ক্রমিক	ধাপ	সময়	কৌশল	উপকরণ
১.	র‌্যাপ আপ	২৫ মিনিট	অঙ্কন	ব্রাউন পেপার, মার্কার কলম
২.	প্রশিক্ষণ মূল্যায়ন	১৫ মিনিট	মূল্যায়নপত্র পূরণ	মূল্যায়নপত্র
৩.	সারসংক্ষেপ ও ফিডব্যাক	১০ মিনিট	আলোচনা	ফ্লিপবোর্ড ও মার্কার

অধিবেশন পরিচালনার প্রক্রিয়া:

১. র‌্যাপ আপ

- সবাইকে স্বাগত জানিয়ে র‌্যাপ-আপ অধিবেশন শুরু করুন।
- অংশগ্রহণকারীদের ৩/৪টি দলে ভাগ করুন। প্রতিটি দলকে দুই-তিনটি ফ্লিপশিট কাগজ দিন এবং জোড়া লাগিয়ে লম্বা করতে বলুন। এবার দলের একজনকে কাগজের উপর শুয়ে পড়তে বলুন এবং অন্য সদস্যদের শরীরের চারিদিকে মার্কার কলম দিয়ে আউট লাইন আঁকতে বলুন। উপরের চিত্রের মতো শরীর রেখা নমুনা কপি ব্যাখ্যা করুন। নির্দেশনা অনুসারে শরীর রেখায় নিচের বিষয়গুলো লিখতে বলুন। (নমুনা কপি অপর পৃষ্ঠায় দেয়া আছে)

  ১. মাথা - নতুন ধারণা
  ২. চোখ - নতুন দৃষ্টি ভঙ্গি
  ৩. মুখ - যোগাযোগ দ তা
  ৪. হাত - নতুন যা কিছু শেখা হয়েছে
  ৫. হৃদয় - নতুন অনুভূতি
  ৬. পাকস্থলী - যে ভয় আছে
  ৭. পা - ভবিষ্যতের সিদ্ধান্ত

- ছবি আঁকা ও বিষয়গুলো লেখার জন্য অংশগ্রহণকারীদের ১৫মিনিট সময় দিন।
- দলের কাজ শেষ হলে প্রত্যেক দলকে তাদের অনুভূতিগুলো প্লেনারিতে উপস্থাপন করতে বলুন।

২. প্রশিক্ষণ মূল্যায়ন

- অংশগ্রহণকারীদের সংযুক্ত প্রশিক্ষণ মূল্যায়নপত্র দিন এবং নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিতে বলুন।

৩. প্রশিক্ষণ সমাপনী

- প্রশিক্ষণ সম্পর্কে কারো কোন মতামত বা অনুভূতি থাকলে সংক্ষেপে শুনুন।
- সকলকে তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষকের জন্য তথ্য

অধিবেশন-৬: প্রশিক্ষণ সমাপনী

শরীর রেখা



প্রশিক্ষণ মূল্যায়ন ফরমেট

পছন্দের ঘরে টিক (√) দিন।

প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ পরিস্কারভাবে ব্যাখ্যা করা হয়েছে	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
অংশগ্রহণকারীদের অংশগ্রহণ ও মতামত আদান-প্রদান করার সুযোগ ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রশিক্ষণের যে বিষয়গুলো আলোচনা করা হয়েছে তা কাজের সাথে সঙ্গতিপূর্ণতার ক্ষেত্র ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রশ্নের উত্তর সঠিক ভাবে দেয়ার ক্ষেত্রে প্রশিক্ষকের দক্ষতা ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রতিটি সেশনের জন্য যে সময়সীমা রাখা হয়েছে তা ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
অধিবেশনগুলোর বিষয়বস্তু বর্ণনার ক্ষেত্রে প্রশিক্ষকের দক্ষতা ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রশিক্ষকের প্রতিটি অধিবেশন পরিচালনার পূর্ব-প্রস্তুতি ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
সেশনে যে তথ্যসমূহ উপস্থাপন করা হয়েছে তা চাহিদা পূরণ করার ক্ষেত্রে ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রশিক্ষণ কক্ষ ও অন্যান্য সুবিধাগুলো ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না
প্রশিক্ষণে যে বিষয়বস্তু অন্তর্ভুক্ত ছিল তা অভিজ্ঞতা ও দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে ছিল	চমৎকার	ভালো	মোটামুটি	ভালো না

আগামী প্রশিক্ষণকে আরও কার্যকর করতে আপনার পরামর্শ:

____

____

____

____

____

তারিখ: ব্যাচ: ভেন্যু:

ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

www.esdo.net.bd